দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 33 ■ 15th August, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88


Sucharita Biswas
B.Tech
B.Tech পড়েও বেকার সব... DESUN এর ট্রেনিংয়ে পেলাম JOB
DESUN ACADEMY
Get Placed by Skills
ডিগ্রি আছে... কিন্তু চাকরি নেই? Problem ডিগ্রি না ... Skill Gap
+91 94296 91888 | www.desunacademy.in

## কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের কনস্টেবল জি.ডি'র বিজ্ঞপ্তি বেরোবে সেপ্টেম্বরে, পরীক্ষা হবে জানুয়ারি থেকে মার্চের মধ্যে

# ৮ কেন্দ্রীয় বাহিনীতে ১ লাখ কনস্টেবল ও রাইফেলম্যান

**রঞ্জিৎ ঘোষ, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, সশস্ত্র সীমা বল ও সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স (এস.এস.এফ.)'এ 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে আর অসম রাইফেলসে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' পদে এবার সব থেকে বেশি সংখ্যক শূন্যপদ পূরণ করা হবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক সূত্রে খবর, ২০২৭ সালের এই পরীক্ষা থেকে প্রায় ১ লাখ শূন্যপদ পূরণ করা হবে। এবার এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে সেপ্টেম্বর মাস নাগাদ। দরখাস্ত নেওয়া হবে অক্টোবর মাস পর্যন্ত। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে আগামী বছর জানুয়ারি থেকে মার্চের মধ্যে। এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি দেওয়া হল :

অন্তত মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৭'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মী ও বিভাগীয় কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৬২.৫ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৬৫ সেমি আর ত্রিপুরা ও সিকিমের নকশাল অধুষ্যিত প্রার্থীদের বেলায় ১৬০ সেমি) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি. (পার্বত্য এলাকার হলে যথাক্রমে ৭৮ ও ৮৩সেমি.)। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৫০ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৫৫ সেমি.)। দৃষ্টিশক্তি দরকার দূরের এরপর ৫ পাতায়

ICE Academy
WBCS, SSC, Rail, Bank
PTET, CTET, UPTET ব্যাচ
WB State Exams-এর
স্পেশাল ব্যাচ প্রতি রবিবার
সেরা প্রশিক্ষকদের ক্লাস
বালিগঞ্জ : 9804412898
শিয়ালদহ : 7044981821

Admission Open
Ph.D
Top Indian University থেকে পাশ করুন
• University & Supervisor Short Listing
• Research Proposal & SOP Support
• Entrance Exam & Interview preparation
• Fellowship & Funding assistance
Master Degree Holders Non-NET Candidates also guided
The Admission Guidance
Bally, Howrah : 9038011392

## কলকাতার ১০৫টি আইটি কোম্পানিতে

# GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৩৮,৩২১ চাকরি

### শুরুতেই মাইনে বছরে ৫ থেকে ৬ লাখ টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা TCS এর সিইও ও এমডি কে. কৃতিভাষাণ ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৬ মাসে ১২,৩২২ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৮,৯৩১ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং এরপর ১০ পাতায়

## ইন্ডিয়ান অয়েলে

# ৪৩৩ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের উত্তরাঞ্চল মার্কেটিং ডিভিশন দিল্লি, হরিয়ানা, পঞ্জাব, হিমাচল প্রদেশ, চণ্ডীগড়, জম্মু ও কাশ্মীর, রাজস্থান, উত্তর প্রদেশ, এরপর ১০ পাতায়

## ট্রেনিং প্রোভাইডার হিসাবে অনন্য নজির

# ৯ মাস ট্রেনিং দিয়ে Agentic AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৫৫,৮৭২ চাকরি

**পারমিতা মিত্র, কলকাতা :** সময় বদলেছে। তাই সেই অনুযায়ী চাকরির ধরনও বদলেছে। আর স্বভাবতই এখন আর চাকরি পেতে গেলে শুধুমাত্র গতানুগতিক ডিগ্রি হলে চলবে না। হতে হবে 'মাল্টি-পারপাস স্কিলড প্রফেশনালস'। তবেই ভালো পে-প্যাকেজ নিয়ে কেরিয়ার শুরু করতে পারবেন। সম্প্রতি দেশের স্কিলড সেক্টরে আইটি প্রফেশনালস-এর এরপর ৯ পাতায়

## ৮০তম স্বাধীনতা দিবসে

কর্মসংস্থান পত্রিকার পাঠক, বিজ্ঞাপনদাতা, সংবাদপত্র বিক্রেতা ও শুভানুধ্যায়ীদের জানাই শুভ ইচ্ছা।

# স্টেট ব্যাঙ্কে ১,৫৩৮ ক্লার্ক

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া স্পেশাল রিক্রুটমেন্ট ড্রাইভ করে এস.সি./এস.টি./ও.বি.সি. ব্যাকলগ শূন্যপদ পূরণের জন্য 'জুনিয়র অ্যাসোসিয়েটস (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস)' পদে ১,৫৩৮ জন ছেলেমেয়ে নিচেছ। এরপর ৭ পাতায়

# প্রতিরক্ষা সংস্থায় ২,৬১৫ ট্রেডসম্যান মেট, ফায়ারম্যান

**নিজস্ব সংবাদদাতা, সেকেন্দরাবাদ :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন বিভিন্ন ইউনিট, বা, ডিপোতে কাজের জন্য ট্রেডসম্যান মেট, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট, এম.টি.এস., সিভিল মোটর ড্রাইভার ও ফায়ারম্যান পদে ২,৬১৫ জন লোক নিচেছ। কারা কোন এরপর ৬ পাতায়

JOB-ORIENTED ACCOUNTS & TAXATION TRAINING

www.bengaltaxcounsel.com
B.Com/Law Graduate
Learn Practically, Work Professionally
Be a Tax Consultant/e-Accountant
রিটায়ারমেন্টের পরেও এই পেশাতে আসতে পারেন।
মহিলারাও এই পেশাতে স্বচ্ছন্দে আসতে পারেন।
TCE GROUP BENGAL TAX COUNSEL
শুধু পড়ায় না শেখায়
One Year PCAT COURSE
GST
INCOME TAX
ESI/ PF /PT
e- Filing
Learn Full Account Finalisation Process with Live Documents through Tally Prime
Physical Industry visits during the course.
Campus : 11, Ananda Palit Road, Beside Entally P.O., Kol- 14
Help Line : 9331062733 / 9339822591

অল্প খরচে LAW পাশ করে আইনজীবী হিসাবে নিজের ভবিষ্যতকে প্রতিষ্ঠিত করে তুলুন

LL.B (3yrs.) Direct Admission
LL.B (3yrs.) যে কোনো বয়সে
যোগ্যতা যে কোনো University-র Graduate/ মাস্টার ডিগ্রি (Regular / Open / Distance) ও 45% নম্বর, SC/ST – 40%
LL.B (5 yrs.), LL.M, Ph.D (LAW)
AIBE পাশের দায়িত্ব নিয়ে পড়ানো হয়
ল' পয়েন্ট

১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯, শ্রদ্ধানন্দ পার্কের পাশে
9830132343 / 9836922534 / 6290760935

# ৮৮ ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, রাষ্ট্রীয় কেমিক্যাল অ্যান্ড ফার্টিলাইজার্স লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৮৮ জন লোক নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

পোস্ট কোড : MTCHEM/ 022026 :ম্যানেজমেন্ট ট্রেনি এরপর ৬ পাতায়

# পিএইচ.ডি ভরতি 'নেট' স্কোর দেখে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রাজ্য সরকার পোষিত বিশ্ববিদ্যালয়, প্রাইভেট বিশ্ববিদ্যালয় ও অনুমোদিত প্রতিষ্ঠানে পিএইচ.ডি. (Ph.D) কোর্সে ভরতির জন্য আর এন্ট্রান্স পরীক্ষা দিতে হবে না। ইউ.জি.সি. এরপর ৩ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
R

**B. Optom (Optometry)**
B. Optom, M. Optom, Ph.D (Optometry) কোর্সে ভর্তি চলছে। From UGC Recognized University. ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সায়েন্স। (30 বছরের বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ), গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84, 45A বাসস্ট্যান্ডের বিপরীতে
www.camsversity.com
7980054389 / 7439213900
D

## স্কুল-কলেজ-শিক্ষা

মুক্ত বিশ্ববিদ্যালয় BA/MA/MSc/ BSc /D.Pharm/ LLB/ MP/HS একচান্সে পাশ করুন। 8479953999
SH(A)

PERFECT EDUCARE SOL. Admission for B.Ed., Pharmacy, Paramedical, Hotel & Hospitality Mgt., B.Tech., Diploma, ITI, MBA, MCA, LLB, Ph.D, BA, B.Com.,B.Sc.,MA, M.Com., M.Sc., MSW, MBBS, BAMS, Class- X/XII. M: 6291751178
SH

Mahendra's Malda Branch Bank, SSC, Rail, TET, State Level Exams, JENPAS, 1 No. Govt. Colony, Malda. M: 9733022500, 9733022600
SH

## কর্মখালি

**মেট্রো জব ভ্যাকান্সি**
কলকাতা East–West মেট্রোরেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা : (M.P – স্নাতক ও উর্ধ্বে)। বেতন : (17200–67800). PF, মেডিকেল, বোনাস প্রমোশনসহ থাকা, খাওয়ার সুব্যবস্থা। সত্ত্বর যোগাযোগ - M : 7585074053.
SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

কাজের জন্য পরিবার ছেড়ে বাইরে না গিয়ে হস্তশিল্পের কাজ করুন ঘরে বসেই। ডেলি ₹ 800/- পর্যন্ত আয় সম্ভব। হোম ডেলিভারিও হবে। ওপেন উইন্ডোজ : 7044415805
SH

Punjab National Bank (DSA) বিভিন্ন সরকারি পোস্টে, নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/-- 72,900/-, H.R.-7586834410
SA

**জরুরী বিজ্ঞপ্তি**
কলকাতা মেট্রোরেলে বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের মাধ্যমে Metro Pay Roll-এ যোগ্যতানুযায়ী সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : মাধ্যমিক –স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17700–67500)। M : 70479 21378
SA(A)

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## কর্মখালি

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344
M

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**
সম্পূর্ণ বিনা ডোনেশনে কোলকাতা মেট্রো রেলে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী অফিসিয়াল পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP– স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17500 – 67700)। থাকা, খাওয়া-সহ PF, মেডিকেল, বোনাস, প্রমোশনের সুবিধা পাবেন। M : 7319106523
SA(A)

## কর্মখালি

**100% স্থায়ী জব**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18700–67700). PF, ESI, ছুটি, বোনাস প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা পাবেন। M : 7583934359
SA(A)

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান

## বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান

# যাদবপুর বিশ্ববিদ্যালয় ও মণিপাল হাসপাতালের যৌথ উদ্যোগে ডায়ালিসিস টেকনিশিয়ানের পেশাদারি কর্মমুখী কোর্স

**নিজস্ব প্রতিনিধি :** পশ্চিমবঙ্গে গত কয়েক বছর ধরে কিডনির রোগে আক্রান্তদের সংখ্যা দিন দিন বাড়ছে। ডায়ালিসিস প্রধানত এই ২ ধরণের — হেইমোডায়ালিসিস (Haemodialysis) ও পেরিটোনেইল ডায়ালিসিস (Peritoneal dialysis)। ডায়ালিসিসের কাজ রক্ত থেকে বর্জ্য পদার্থ ও অতিরিক্ত জল বের করে দেওয়া। কিডনি রোগীদের সাধারণভাবে সপ্তাহে ৩ দিন ৪ ঘন্টা ধরে ডায়ালিসিস করা হয়। এই মেশিন যাঁরা পরিচালনা করেন তাঁদের বলা হয় ডায়ালিসিস টেকনিশিয়ান। এইসব টেকনিশিয়ানদের কাজের মূল দায়িত্ব হল, রোগীকে ডায়ালিসিসের জন্য তৈরি করা, তদারকি করা, মেশিন অপারেট করা ও ডায়ালিসিস শেষ হওয়ার পর নির্ধারিত পদ্ধতি মানা। টেকনিশিয়ানরা ডায়ালিসিস চলাকালীন রোগীকে আরামে থাকতে সাহায্য করেন ও মেশিনটি যাতে ঠিকমতো কাজ করে সেদিকে নজর রাখেন। এই ধরণের কাজ করার জন্য বিশেষ প্রশিক্ষণের দরকার হয়। বলাবাহুল্য, এই রাজ্যে প্রশিক্ষিত ডায়ালিসিস টেকনিশিয়ানের যথেষ্ট অভাব আছে। এই ঘাটতি পূরণ করে দক্ষ পেশাদার টেকনিশিয়ান তৈরির জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার কলকাতার মণিপাল (আগে নাম ছিল আমরি) হাসপাতালের সঙ্গে যৌথ উদ্যোগে ডায়ালিসিস টেকনিশিয়ানের ট্রেনিং দিচেছ। কোর্সের পুরো নাম 'ডায়ালিসিস টেকনিশিয়ান সার্টিফিকেট প্রোগ্রাম'। বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই কোর্সে ভরতি হতে পারেন। বয়সের কোনো কড়াকড়ি নেই। সীট ১৫ টি। মোট ৯ মাসের কোর্স। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে থিওরির ক্লাস আর মণিপাল হাসপাতালে প্র্যাক্টিক্যাল ক্লাস হবে। ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের উপদেষ্টা ডঃ কে. কৌতসু জানান, কর্মমুখি এই কোর্সের লক্ষ্য ও উদ্দেশ্য হল, স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে দক্ষ ও উন্নতমানের ডায়ালিসিস টেকনিশিয়ান তৈরি করা। ট্রেনিং শেষে কাজের অভাব হয় না। সফলদের ডায়ালিসিস টেকনিশিয়ান পদে কাজের সুযোগ আছে সরকারি-বেসরকারি হাসপাতাল, জেলা হাসপাতাল, স্বেচ্ছাসেবি সংস্থা, কিডনি বিশেষজ্ঞ কেন্দ্র ও নার্সিংহোমে।

ভরতির শেষ তারিখ ২৮ আগস্ট। ভরতির জন্য নির্ধারিত ফর্ম পাবেন ৫০ টাকা দিয়ে হাতে হাতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার থেকে। যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : যাদবপুর ইউনিভার্সিটি, ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, বায়োইকিউভ্যালেন্স বিল্ডিং, ৩য় তল। ফোন : ৯০৮৮৪০১৩৫৪।

বিজ্ঞাপন

# সম্পূর্ণ ফ্রিতে 'ডাটা এন্ট্রি অপারেটর, অফিস এক্সিকিউটিভ ও অফিস অ্যাসিস্ট্যান্ট' পদে ট্রেনিং করিয়ে কেন্দ্রীয় সরকারি স্বীকৃত সংস্থায় কয়েক হাজার চাকরি

## (মাধ্যমিক পাস ছেলে-মেয়েদের জন্য)

কেন্দ্রীয় সরকারি স্বীকৃত সংস্থায় একাধিক পদে সম্পূর্ণ ফ্রিতে "কোর্স (ট্রেনিং) করিয়ে কয়েক হাজার চাকরির" জন্য আবেদন পত্র জমা নেওয়া হচ্ছে। কোর্স (প্রশিক্ষণ) করার সুযোগ পাবেন নিজের জেলাতে এবং চাকরি হবে সারা ভারতের যে কোন জায়গায়। ন্যূনতম মাধ্যমিক পাস বা দশম শ্রেণী উত্তীর্ণ ছেলে মেয়েরা আবেদন করতে পারবেন। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলেও আবেদন করতে পারবেন। তবে কোনো ক্ষেত্রেই পার্সেন্টেজ এর কোনো বাধ্যবাধকতা নেই। পশ্চিমবঙ্গে মোট 67 টি ট্রেনিং ইনস্টিটিউট রয়েছে। প্রত্যেক জেলার ট্রেনিং ইনস্টিটিউটের তালিকা দেখতে পাবেন নিম্নে উল্লেখিত ওয়েবসাইটে। বয়স 1-লা জুলাই 2027 হিসাবে 18 থেকে 35 বছরের মধ্যে হতে হবে। ওবিসি-রা বয়সে তিন বছর এবং এসসি ও এস টি প্রার্থী-রা বয়সে পাঁচ বছর ছাড় পাবেন। সমস্ত ট্রেন্ড এর নাম এবং শূন্য পদ: **ডাটা এন্ট্রি অপারেটর- 1500 টি, অফিস এক্সিকিউটিভ- 1000 টি ও অফিস অ্যাসিস্ট্যান্ট- 1500 টি।** নির্বাচন পদ্ধতি: স্কিল টেস্ট এর ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। তারপর পুলিশ ভেরিফিকেশন ও শিক্ষাগত যোগ্যতার শংসাপত্র ভেরিফিকেশন করা হবে। ফল প্রকাশিত হবে অফিসিয়াল ওয়েবসাইটে, প্রার্থী তার নিজের অ্যাপ্লিকেশন নম্বর এবং জন্ম তারিখ দিয়ে অনুসন্ধান করে রেজাল্টের বিবরণ দেখতে পারবেন। সমস্ত স্তরের ভেরিফিকেশন সফল হওয়ার পর ট্রেনিং-এ ভর্তি হতে পারবেন সম্পূর্ণ বিনামূল্যে। কোর্স (ট্রেনিং) চলাকালীন স্কলারশিপ পাবেন বাৎসরিক 40,000 টাকা এবং ইন্টার্নশিপ চলাকালীন স্টাইফেন পাবেন প্রতিমাসে 10,000 টাকা। ট্রেনিং এবং ইন্টার্নশিপ চলাকালীন উভয় ক্ষেত্রেই হোস্টেল অর্থাৎ থাকা খাওয়ার সুবিধা পাবেন বিনামূল্যে। (তবে হোস্টেলে থাকা বাধ্যতামূলক নয়)। সবশেষে স্থায়ী চাকরিতে যোগদান করানো হবে এবং তখন পারেন বাৎসরিক 3.6 L.P.A. Approx থেকে 4.2 L.P.A Approx পর্যন্ত সমস্ত সুযোগ সুবিধা সহ। **আবেদন প্রক্রিয়া:** অনলাইনে আবেদনের জন্য এই ওয়েবসাইটে **www.gnim.org** লগইন করে 'Admission here' এ ক্লিক করুন। তারপর ব্যাচ নম্বর AD/2026/08 ও ক্যাটাগরি: Office Management সিলেক্ট করে আপনার পছন্দের পদ-টি নির্বাচন করুন। ফর্মটি পূর্ণ করার পর সবশেষে অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশন ফিস জমা দিয়ে রেজিস্টার্ড ইমেইল থেকে আপনার আবেদন পত্রটি প্রিন্ট করুন। ফ্রি কোর্স-এর আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: 10ই সেপ্টেম্বর 2026 পর্যন্ত। কবে কোথায় কখন স্কিল টেস্ট হবে তা ইমেইল এবং এসএমএস এর মাধ্যমে এডমিট কার্ড পাঠিয়ে প্রার্থীদের জানানো হবে। যেকোনো বিষয়ে আরো জানার প্রয়োজন হলে ফোন করুন সকাল 10 টা থেকে বিকাল 4 টা পর্যন্ত শনিবার রবিবার ও অন্যান্য ছুটির দিন বাদ দিয়ে এই নম্বরে 9093085089, অথবা যোগাযোগ করুন আমাদের অফিসে। ঠিকানাঃ RDE Boulevard, GP, EP Block, Sector V, Kolkata-700091. (Appointment mandatory for Office visit).

বিজ্ঞাপন

# স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টির অনুমোদিত ৯টি ডিপ্লোমা কোর্সে এবার ভরতি নয়

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রাজ্যের সরকারি মেডিক্যাল কলেজে প্যারামেডিক্যাল-এর বিভিন্ন বিষয়ের ডিপ্লোমা কোর্সে এবছর থেকে ভরতি প্রক্রিয়া বন্ধ হতে চলেছে। কেন্দ্রীয় সরকারের অধীনে 'ন্যাশনাল কমিশন ফর অ্যালায়েড অ্যান্ড হেলথকেয়ার প্রফেশনস' নামে একটি নতুন সংস্থা তৈরি হয়েছে। কেন্দ্রীয় নিয়ম ও পাঠক্রম বিধি অনুযায়ী এই কোর্স পড়ানো যাবে। এজন্য রাজ্যের কাছ থেকে 'এসেনশিয়ালিটি সার্টিফিকেট' নিতে হবে। পশ্চিমবঙ্গ সরকারের স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টির অনুমোদিত রাজ্যের ৩৬টি মেডিক্যাল কলেজে ও ৯২টি অনুমোদিত প্রতিষ্ঠানে ১৩টি বিষয়ের ডিপ্লোমা কোর্স পড়ানো হত : (১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (DMLT-Tech.), (২) রেডিওগ্রাফি (ডায়াগনস্টিক) (DRD-Tech), (৩) ফিজিওথেরাপির ডিপ্লোমা (DPT), (৪) রেডিওথেরাপেটিক টেকনোলজি (DRT), (৫) অপ্টোমেট্রি (অপথ্যালমিক টেকনিক), (৬) নিউরো ইলেক্ট্রো ফিজিওলজি, (৭) পারফিউশন টেকনোলজি, (৮) ক্যাথ ল্যাব টেকনিশিয়ান, (৯) ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি, (১০) ডায়ালিসিস টেকনিক, (১১) অপারেশন থিয়েটার টেকনোলজি, (১২) ডায়াবেটিস কেয়ার টেকনোলজি, (১৩) ইলেক্ট্রোকার্ডিওগ্রাফিক টেকনিক। প্রতিটি কোর্স ছিল ২ বছরের।

এছাড়াও রাজ্যে বেসরকারি উদ্যোগেও অনেক প্যারামেডিক্যাল কলেজ তৈরি হয়েছে। যেখানে ফিজিওথেরাপি, মেডিক্যাল টেকনোলজি, অকুপেশনাল টেকনোলজি, ও.টি. টেকনোলজি-সহ একাধিক কোর্স পড়ানো হয়। যে সব কোর্সের কোনো অ্যাফিলিয়েশন নেই। সরকারি ও বেসরকারি মিলিয়ে প্রায় ১০০-এর বেশি কলেজে টেকনোলজির আড়াই বছরের ডিপ্লোমা, ৪ বছরের ডিগ্রি ও ২ বছরের মাস্টার ডিগ্রি কোর্স পড়ানো হয়। সীট সংখ্যা ছিল প্রায় ৪ হাজার।

স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টির সহ-সভাপতি ডা. প্রদীপ মিত্র জানান, 'আগেই ডিপ্লোমা কোর্সগুলি তুলে দেওয়ার জন্য বলেছিলাম। কিংবা ১ বছরের ব্রিজ কোর্স পড়িয়ে সমতুল করাতে হবে। এই কোর্স করে কেউ সরকারি চাকরি পাবেন না।' স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টির সেক্রেটারি ইন চার্জ দেবনাথ ঘোষ জানান, '১৩টি মধ্যে ৪টি ডিপ্লোমা কোর্সের মান্যতা দিয়েছে কেন্দ্রীয় সরকার। ডি.এম.এল.টি., রেডিওথেরাপি, অ্যানাস্থেশিয়া-ও.টি, ডায়ালিসিস। প্রথম দু'টি কোর্সে সীট সংখ্যা ঠিক হয়েছে। খুব শিগগিরই বিজ্ঞপ্তি বেরোবে। বাকি ডিপ্লোমা কোর্সগুলি বন্ধ হবে কিনা তা সরকার জানাবে।'

## পিএইচ.ডি ভরতি

১ পাতার পর

-নেট, ইউ.জি.সি.-সি.এস.আই.আর.-নেট, গেট, সি.ই.ই.ডি. পরীক্ষায় স্কোর করে থাকলেই এবার থেকে সরাসরি পিএইচ.ডি. কোর্সে ভরতি হতে পারবেন। চূড়ান্ত মেধা তালিকা তৈরির জন্য ইন্টারভিউ দিতে হবে।

এতদিন পিএইচ.ডি. করতে হলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের এন্ট্রান্স পরীক্ষা দিতে হত। এজন্য একই প্রার্থীকে একাধিক বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশ নিতে হত। এতে সময়, অর্থ ও মানসিক চাপ বাড়ত প্রার্থীদের। এই সমস্যার সমাধান, স্বচ্ছতা, গুণগত মান নিশ্চিত করতে UGC Ph.D Regulations, 2022 ও NEP, 2020'এর সঙ্গে সামঞ্জস্য রেখে সরকার এই সিদ্ধান্ত নিয়েছে। ইউ.জি.সি.'র নতুন নিয়মানুযায়ী, 'নেট' কোয়ালিফাই প্রার্থীদের ৩টি ক্যাটেগরিতে ভাগ করা হয়েছে: (১) ক্যাটেগরি -১ : জুনিয়র রিসার্চ ফেলো, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও পিএইচ.ডি. ভরতি — এই ৩টির জন্যই যোগ্য। (২) ক্যাটেগরি -২ : অ্যাসিস্ট্যান্ট টিচার, পিএইচ.ডি. ভরতির জন্য যোগ্য। (৩) ক্যাটেগরি -৩ : শুধুমাত্র পিএইচ.ডি. ভরতির জন্য যোগ্য।

ক্যাটেগরি-২ ও ক্যাটেগরি -৩ প্রার্থীদের বেলায় পিএইচ.ডি. ভরতিতে 'নেট' স্কোর ৭০% ও ইন্টারভিউয়ের জন্য ৩০% বরাদ্দ থাকবে।

## সেলসম্যান ও সেলস এক্সিকিউটিভ নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, বাদুড়িয়া : রাজ্যের অন্যতম সেরা সংস্থা আল আমিন ইন্ডাস্ট্রি প্রা. লি.-এ রাজ্যের প্রতিটি জেলা থেকে সেলসম্যান ও সেলস এক্সিকিউটিভ পদে বেশ কিছু প্রার্থী নেবে। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। সেলস / মার্কেটিং ক্ষেত্রে কাজের পূর্ব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। স্যালারি মাসিক ২৫,০০০/- টাকা। আগ্রহী প্রার্থীরা বায়োডাটা পাঠাতে আজই যোগাযোগ করুন: 6297849030.

## বেঙ্গল ফাইন আর্টস কলেজে পেইন্টিং ও স্কাল্পচারের ডিগ্রি কোর্সে ভরতি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : শিল্পকলা নিয়ে যাঁরা আগ্রহী, সৃজনশীলতাকে পেশা হিসাবে যাঁরা নিতে চান, তাঁরা উত্তর ২৪ পরগনা জেলার চাঁদপাড়া বেঙ্গল ফাইন আর্টস কলেজে 'পেইন্টিং' ও 'স্কাল্পচার'এর ৪ বছরের ডিগ্রি কোর্স আর 'পেইন্টিং'এর ২ বছরের মাস্টার ডিগ্রি কোর্সে ভরতি হতে পারেন। এটি শুধু ডিগ্রি নয়, কর্মজীবনেরও পথ দেখায়। উন্নতমানের ক্লাসরুম, অভিজ্ঞ শিক্ষকমন্ডলী, সৃজনশীল পরিবেশে এই কোর্সগুলি পড়ানো হয়। নিয়মিত ওয়ার্কশপ, ইন্টার্নশিপ, শেখার পাশাপাশি ইনকাম করার সুযোগ আছে। এই কোর্স পাশের পর সরকারি, বেসরকারি সংস্থায় চাকরি সুযোগ পাবেন। এমনকি স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষাতেও বসার সুযোগ আছে।

ভরতির জন্য বিস্তারিত তথ্য জানতে পারবেন এই ঠিকানায় : বেঙ্গল ফাইন আর্টস কলেজ, চাঁদপাড়া বাজার, উত্তর ২৪ পরগনা, পিন -৭৪৩ ২৪৫। ফোন : 9830786126. ওয়েবসাইট : www.bfacollege.co.in







# মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি পড়ে কয়েক মাসের মধ্যে ভালো স্যালারির চাকরির সুযোগ

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : আজকের চিকিৎসা পদ্ধতি পুরোপুরি রোগনির্ণয় ব্যবস্থার ওপর নির্ভরশীল। ক্লিনিক্যাল রিপোর্টের ভিত্তিতে ডাক্তাররা চিকিৎসা করেন। আর এই রোগনির্ণয় ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, যা ক্লিনিক্যাল ল্যাবরেটরি সায়েন্স নামেও পরিচিত। একজন মেডিক্যাল ল্যাব টেকনোলজিস্ট এর কাজ হল বিভিন্ন পরীক্ষার জন্য রোগীর নমুনা সংগ্রহ, তার গুণগত মান নির্ণয়, পরীক্ষার বৈধতা যাচাই করা, ডেটা লগিং, লেবেলিং, ল্যাবের রক্ষণাবেক্ষণ ও যন্ত্রের সমস্যা সমাধান নিশ্চিত করা। যেকোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্সে ভরতি হতে পারেন। এই কোর্সের মধ্যে রয়েছে — ফিজিওলজি, অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি, হেমাটোলজি, ব্যাকটিরিওলজি, প্যাথলজি, ইমিনোলজি ও মাইক্রোস্কোপিক পরীক্ষা। এই কোর্স পাশ করার পর কেউ বসে থাকে না। চাকরি হয় এইসব পদে — মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট, ক্লিনিক্যাল ল্যাবরেটরি সায়েন্টিস্ট, ল্যাবরেটরি ম্যানেজার/ সুপারভাইজার, ব্লাড ব্যাঙ্ক টেকনোলজিস্ট, মলিকুলার বায়োলজিস্ট, হিস্টোটেকনোলজিস্ট, সাইটোটেকনোলজিস্ট, ইনফেকশন কন্ট্রোল অফিসার, কোয়ালিটি অ্যাসুরেন্স / কোয়ালিটি কন্ট্রোল স্পেশালিস্ট, পাবলিক হেলথ ল্যাবরেটরি টেকনিশিয়ান, ফরেন্সিক ল্যাবরেটরি টেকনিশিয়ান। আর এই কোর্সে রাজ্যের অন্যতম সেরা প্রতিষ্ঠান হল MCG College of Health Science যা কল্যাণী বিশ্ববিদ্যালয় ও রাজ্য সরকার আর UGC অনুমোদিত। এই প্রতিষ্ঠানের এইসব বৈশিষ্ট্য রয়েছে বলেই এখানকার ট্রেনিং রাজ্যের মধ্যে অন্যতম সেরা — (১) এখানকার প্লেসমেন্ট সেল, ইন্ডাস্ট্রির সেরা সেরা প্যাথলজিক্যাল ল্যাবরেটরির সঙ্গে বিশেষ 'হায়ারিং টাই-আপ'-এ রয়েছে। ফলে এখান থেকে পাশ করলে সব ছেলেমেয়ে ভালো জায়গায় প্লেসড হয়। (২) এখানকার প্রশিক্ষণ ইন্ডাস্ট্রির মধ্যে অন্যতম সেরা। ইন্ডাস্ট্রির অভিজ্ঞ টেকনোলজিস্টরাই (DMLT) এখানে ফ্যাকাল্টি হিসাবে রয়েছেন। ফলে এখানকার ট্রেনিরা সবচেয়ে প্রফেশনাল ট্রেনিং পায়। (৩) আধুনিক প্রযুক্তিসম্পন্ন মডিফায়েড আল্ট্রা মডার্ন ল্যাব — যা এখানকার ট্রেনিদের মেডিক্যাল টেকনোলজিস্ট হিসাবে কয়েক কদম এগিয়ে দেয়। (৪) আধুনিক ক্লাসরুম ব্যবস্থার সঙ্গে রয়েছে বিশেষ গ্রুমিং সেশনের সুবিধা। ফলে এখানকার ট্রেনিরা মেডিক্যাল ল্যাবরেটরির টেকনোলজিস্টের জন্য ব্যবহৃত আধুনিক সফটওয়্যারের ব্যাপারে সম্পূর্ণ ওয়াকিবহাল থাকায় এখান থেকে পাশ করার পর যেকোনো প্রথম সারির প্যাথলজিক্যাল ল্যাব, তাদেরকে ভালো পে-প্যাকেজে নিয়োগ করে। (৫) এই ধরনের প্রফেশনাল কোর্সের অন্যতম গুরুত্বপূর্ণ দিক হল Hand-to-Hand Practical Training এর সম্পূর্ণ ব্যবহার — যাতে এখানকার ট্রেনিরা প্র্যাক্টিক্যালি অত্যন্ত দক্ষ হয়। (৬) এছাড়াও এই প্রতিষ্ঠানের সঙ্গে বিভিন্ন সরকারি হাসপাতালের সঙ্গে বিশেষ 'স্ট্যাটেজিক টাই-আপ' থাকায় এখানকার ট্রেনিরা সরাসরি সরকারি কেন্দ্রেই ইন্টার্ণশিপের সুযোগ পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) সমাজের পিছিয়ে পড়া ছেলেমেয়েদের জন্য ক্রেডিট কার্ড ও স্কলারশিপের বিশেষ সুবিধা আছে।

> **প্রতি বছর সারা দেশ জুড়ে প্রায় ২০,০০০ থেকে ৩০,০০০ ল্যাবরেটরি টেকনোলজিস্ট নিয়োগ হয়। আমাদের রাজ্যে এই সংখ্যাটা বছরে ৪,০০০ থেকে ৫,০০০**

**কোথায় প্লেসমেন্ট হয় :** সরকারি-বেসরকারি হাসপাতাল, জরুরি পরিষেবা কেন্দ্র, প্রাইভেট ল্যাবরেটরি, ব্লাড ডোনার সেন্টার বা ব্লাড ব্যাঙ্ক। ডাক্তারের ক্লিনিক। এছাড়াও গবেষণা ক্ষেত্রে কাজের সুযোগ রয়েছে। নিজেরাও ক্লিনিক খুলতে পারেন। উচ্চমাধ্যমিক পাশ করে যদি কোনো প্রফেশনাল কোর্স পড়ে খুব কম সময়ের মধ্যে কেরিয়ার গড়তে হয়, তাহলে ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি কোর্সটির জুড়ি নেই। আজই এই বিশেষ প্রফেশনাল ট্রেনিংয়ের ব্যাপারে আরও বিশদে জানতে যোগাযোগ করুন এই নম্বরে : M : 9088888123, Phone : (033) 40838089 অথবা চলে আসুন এই ঠিকানায় : MCG College of Health Science, F-30, Near Kalyani Main Station (Near Platform No. 3), Kalyani, Nadia – 741235.

এছাড়া এই কলেজে বিশ্ববিদ্যালয় ও সরকার স্বীকৃত এইসব কোর্সও করানো হয় : ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনোলজি (DMRT), ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি (DOTT), ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (CCT), ডিপ্লোমা ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগস (CMS & ED), ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনোলজি (DPT).

# পুজোর আগেই রাজ্য পুলিশের কনস্টেবল পদে ১৬,০০০ শূন্যপদ পূরণ

*সম্প্রতি মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, রাজ্য পুলিশের কনস্টেবল, ইন্সপেক্টর ও ডি.এস.পি র‍্যাঙ্ক পর্যন্ত প্রায় ৪৩,০০০-এর মতো শূন্যপদ রয়েছে। প্রশাসনিক সূত্রে জানা গেছে যে, বিপুল সংখ্যক শূন্যপদের জন্য নিয়োগের উদ্যোগ ইতিমধ্যেই নেওয়া হয়েছে। সূত্র মতে, সারা ভারতের গড় অনুযায়ী ১ লাখ জনগণের জন্য ১৫৫ জন পুলিশকর্মী থাকা দরকার। কিন্তু এরাজ্যে সেই সংখ্যা মাত্র ১০৬ জন। তাই রাজ্য সরকার প্রচুর পুলিশকর্মী নিয়োগ করে ওই গড় বজায় রাখতে চায়। নবান্ন সূত্রে খবর, রাজ্য পুলিশে কনস্টেবল পদে ১৬,০০০ শূন্যপদের নিয়োগ খুব শিগগিরই শুরু হবে। এ মাসের যেকোনো সময় বিজ্ঞপ্তি বেরোবে। তাই এখন আর সময় নষ্ট না করে প্রস্তুতি নিতে হবে জোরকদমে। আর এই অল্প সময়ের মধ্যে এই পরীক্ষায় সফল হয়ে সরকারি চাকরি পাওয়ার স্বপ্ন কীভাবে সফল করবেন তার টিপস্ নিয়ে আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

রাজ্য পুলিশে কনস্টেবল পদে ১৬,০০০ শূন্যপদে নিয়োগ একটি অত্যন্ত লোভনীয় সুযোগ। এই পদে প্রাথমিক যোগ্যতা মাধ্যমিক পাশ। বেতন পে-লেভেল ৬ অনুযায়ী ২২,৭০০ টাকা থেকে ৫৮,৫০০ টাকা ও অন্যান্য ভাতা। আসন্ন পে কমিশন এর পরে এই বেতন আরো আকর্ষণীয় হবে।

খাকি পোশাকের এই চাকরিতে আইন-শৃঙ্খলা রক্ষা, অপরাধ দমন ও জনগণের সুরক্ষা নিশ্চিত করার মতো গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করতে হয়।

**কনস্টেবল পদের কাজ ও দায়িত্ব :**

**আইন-শৃঙ্খলা রক্ষা :** এলাকায় শান্তি বজায় রাখা ও যেকোনো গোলমাল রোধ করা।

**এফআইআর ও অভিযোগ গ্রহণে সহায়তা করা :** থানায় সাধারণ মানুষের অভিযোগ শোনা ও প্রাথমিক তথ্য নথিভুক্ত করা।

**পেট্রোলিং ও পাহারা :** রাতে বা দিনে নির্দিষ্ট এলাকায় টহলদারি করা ও অপরাধমূলক কার্যকলাপ প্রতিহত করা।

**ট্রাফিক নিয়ন্ত্রণ:** শহরের বা জনবহুল এলাকার যাতায়াত ব্যবস্থা স্বাভাবিক রাখতে ট্রাফিক পুলিশকে সাহায্য করা।

**তদন্তে সহায়তা:** উর্ধ্বতন অফিসারদের নির্দেশে সাক্ষ্য সংগ্রহ, আসামিপত্র তৈরি ও অপরাধের তদন্তে হাত লাগানো।

**পরীক্ষার নিয়োগ প্রক্রিয়া :** পশ্চিমবঙ্গ পুলিশ নিয়োগ বোর্ডের (West Bengal Police Recruitment Board) মাধ্যমে এই নিয়োগ হয়। এর ধাপগুলি নিচে দেওয়া হল :

**প্রারম্ভিক বা লিখিত পরীক্ষা :** সাধারণ জ্ঞান, গণিত ও রিজনিং বিষয়ের ওপর পরীক্ষা।

**শারীরিক মাপ ও দক্ষতা পরীক্ষা (PMT & PET) :** নির্দিষ্ট উচ্চতা, ওজন, বুক ও পুরুষদের ক্ষেত্রে ১৬০০ মিটার ও মহিলাদের জন্য ৮০০ মিটার দৌড়।

**ইন্টারভিউ:** ব্যক্তিত্ব ও সাধারণ জ্ঞানের পরীক্ষা।

পশ্চিমবঙ্গ পুলিশ (WBP) কনস্টেবল নিয়োগ পরীক্ষার মোট নম্বর ৮৫ (লিখিত পরীক্ষা) আর ১৫ (ইন্টারভিউ)। নিচে লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস, নম্বর বিভাজন ও প্রতিটি বিষয়ের ধরে ধরে প্রস্তুতি কৌশল আলোচনা করা হল।

**পরীক্ষার নম্বর বিভাজন (Exam Pattern) :**

লিখিত পরীক্ষাটি ওএমআর (OMR) শিটে এমসিকিউ (MCQ) পদ্ধতিতে হয়। প্রতি সঠিক উত্তরের জন্য ১ নম্বর দেওয়া হয় ও প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর নেগেটিভ মার্কিং থাকে। জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ (GK) ২৫টি প্রশ্নে ২৫ নম্বর, এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের গণিত) ২৫টি প্রশ্নে ২৫ নম্বর, রিজনিং ও লজিকাল অ্যানালিসিস ২৫টি প্রশ্নে ২৫ নম্বর, ইংরিজি (English) ১০টি প্রশ্নে ১০ নম্বর মোট ৮৫ নম্বর।

**বিস্তারিত সিলেবাস ও বিষয়ভিত্তিক প্রস্তুতি কৌশল :**

**১. জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ (২৫ নম্বর) :** এটি সবচেয়ে স্কোরিং ও কম সময়ে বেশি উত্তর করার মতো একটি অংশ। এর সিলেবাস বেশ বড়ো হওয়ায় বাছাই করে পড়াশোনা করা জরুরি। গুরুত্বপূর্ণ টপিক : ভারতের ইতিহাস (বিশেষ করে স্বাধীনতা সংগ্রাম), ভারতের ভূগোল ও পশ্চিমবঙ্গ পরিচিতি, ভারতের সংবিধান ও অর্থনীতি, সাধারণ বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীবন বিজ্ঞান), খেলাধুলা, পুরস্কার ও চলচ্চিত্র, ও সাম্প্রতিক ঘটনাবলী (Current Affairs)।

**প্রস্তুতি কৌশল :** ইতিহাস ও ভূগোলের জন্য মাধ্যমিক স্তরের টেক্সট বই ভালো করে রিভিশন দিন। বিজ্ঞান বিভাগের জন্য বেসিক কনসেপ্ট ক্লিয়ার রাখুন। প্রতিদিন খবরের কাগজ বা মাসিক কারেন্ট অ্যাফেয়ার্স ম্যাগাজিন পড়ার অভ্যাস করুন। স্ট্যাটিক জিকে (যেমন: বিভিন্ন রাজ্যের নৃত্য, জাতীয় উদ্যান, দীর্ঘতম-ক্ষুদ্রতম) মুখস্থ করার জন্য একটি আলাদা নোটবুক তৈরি করুন।

**২. এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২৫ নম্বর) :** এই বিভাগে মাধ্যমিক স্তরের পাটিগণিত ও পরিমিতির ওপর সবচেয়ে বেশি জোর দেওয়া হয়। অঙ্কে ভালো দখল থাকলে এখানে পুরো নম্বর তোলা সম্ভব। গুরুত্বপূর্ণ টপিক : লসাগু ও গসাগু, অনুপাত ও সমানুপাত, অংশীদারি কারবার, গড়, শতকরা, লাভ ও ক্ষতি, সরল ও চক্রবৃদ্ধি সুদ, সময় ও কার্য, সময় ও দূরত্ব (নল-চৌবাচ্চা, ট্রেন ও নৌকা সংক্রান্ত), আর পরিমিতি (আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র)।

**প্রস্তুতি কৌশল :** শর্টকাট ট্রিকস শেখার আগে অঙ্কের মূল নিয়ম বা বেসিক কনসেপ্ট শক্ত করুন। প্রতিদিন অন্তত ২০-৩০টি অঙ্ক ঘড়ি ধরে সমাধান করার প্র্যাকটিস করুন। পরীক্ষায় সময় বাঁচানোর জন্য ১-৩০ পর্যন্ত নামতা, বর্গ (Square) ও ঘন (Cube) মুখস্থ রাখুন।

৩. রিজনিং ও লজিকাল অ্যানালিসিস (২৫ নম্বর) : রিজনিং হল এমন একটি বিষয় যেখানে সামান্য বুদ্ধিমত্তা ও নিয়মিত অভ্যাসের মাধ্যমে ২৫-এ ২৫ নম্বর পাওয়া সম্ভব।

গুরুত্বপূর্ণ টপিক: সংখ্যা শ্রেণী (Number Series), কোডিং-ডিকোডিং, রক্ত সম্পর্কের ধাঁধা (Blood Relation), দিক নির্ণয় (Direction Test), ভেন চিত্র (Venn Diagram), সিটিং অ্যারেঞ্জমেন্ট, ও অ্যানালজি।

**প্রস্তুতি কৌশল :** ইংরিজি বর্ণমালার স্থান বা পজিশন (যেমন: A=1, Z=26) আর তাদের বিপরীত অক্ষর (যেমন: A-Z, B-Y) ঠোঁটস্থ রাখুন। বিভিন্ন ধরণের লজিক বা প্যাটার্ন বোঝার জন্য প্রতিদিন অন্তত ৩-৪টি চ্যাপ্টারের রিজনিং প্র্যাকটিস করুন।

**৪. ইংরিজি (১০ নম্বর) :** অনেক পরীক্ষার্থী ইংরিজিকে ভয় পান, কিন্তু মাত্র ১০ নম্বরের এই বিভাগে একটু নজর দিলেই ভালো স্কোর করা যায়। এখানে মূলত বেসিক গ্রামার ও ভোকাবুলারি টেস্ট করা হয়। গুরুত্বপূর্ণ টপিক : Synonyms ও Antonyms (সমার্থক ও বিপরীত শব্দ), Idioms and Phrases, One-word Substitution (এক কথায় প্রকাশ), Phrasal Verbs, Appropriate Prepositions, ও Correct Spelling।

**প্রস্তুতি কৌশল :** বিগত বছরের সব প্রশ্ন বিশ্লেষণ করে দেখুন কোন কোন টপিক থেকে বেশি প্রশ্ন আসছে। প্রতিদিন ৫টি করে নতুন ইংরিজি শব্দ, ইডিয়ম ও ওয়ান-ওয়ার্ড মুখস্থ করার টার্গেট নিন। প্রিপজিশন ও ফেজাল ভার্বের ওপর বিশেষ জোর দিন, কারণ এখান থেকে সরাসরি প্রশ্ন আসে।

কনস্টেবল, ব্যাঙ্ক, রেল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## রাজ্যের ১২৭টি কোম্পানিতে

# ৪১,০১৯ পদে চাকরি

## শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** কলকাতার প্রথম সারির ৪৭টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৮০টি কোম্পানি মিলিয়ে মোট ১১৩টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ৪১,০১৯ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩১.০৮.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/- টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ১ বছরে চাকরি হয়েছে প্রায় ২,৭১১ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।"

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়ে— প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো মাইনের (পে-প্যাকেজ) চাকরি চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের 'স্পেশাল প্রফেশনাল ট্রেনিং' —এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এই সময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সব কোম্পানির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি অর্পিতা নস্করের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের 'অ্যাকসেপটেন্স' অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে এই স্কলারশিপ শুধুমাত্র এই ট্রেনিংয়ের জন্য ভর্তি হওয়া প্রথম ৫ জনের জন্যই প্রযোজ্য। আর মনে রাখতে হবে, রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই গ্র্যাজুয়েশন (বয়স ৩০ বছরের মধ্যে) পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

## ৮ কেন্দ্রীয় বাহিনীতে ১ লাখ

১ পাতার পর

বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। কাছের বেলায় ভালো চোখে N6 ও খারাপ চোখে N9. ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, ধনুকের মতো পা, ট্যারা দৃষ্টি, শুধুমাত্র বাঁ চোখ বোজানোয় অক্ষমতা, আঙুলগুলি নাড়াচাড়া করায় অক্ষমতা, শিরাস্ফীতি, অন্য কোনো শারীরিক ত্রুটি, চোখে চশমা বা, কন্ট্যাক্ট লেন্স কিংবা বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে :২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (GD) in Central Armed Police Forces (CAPFs), SSF, Rifleman (GD) in Assam Rifles Examination, 2027'এর পরীক্ষার মাধ্যমে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে আগামী বছর জানুয়ারি থেকে মার্চের মধ্যে। এই পরীক্ষায় ১৬০ নম্বরের ৮০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) পার্ট-বি : জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) পার্ট-সি : এলিমেন্টারি ম্যাথমেটিক্স -৪০ নম্বরের ২০টি প্রশ্ন,(৪) পার্ট-ডি : ইংরিজি / হিন্দি -৪০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় প্রশ্ন হবে বাংলা ভাষা -সহ সারা রাজ্যের ১৩টি আঞ্চলিক ভাষায়। প্রশ্ন হবে মাধ্যমিক মানের।

কম্পিউটার বেসড পরীক্ষায় সফল হলে 'শারীরিক মাপজোখের পরীক্ষা (PST)' ও 'শারীরিক সক্ষমতার পরীক্ষার (PET)' জন্য ডাকা হবে। কম্পিউটার বেসড টেস্টে পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের ৮ গুণ প্রার্থীকে শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। রাজ্য ভিত্তিক, ক্যাটেগরি ভিত্তিক ও রিজিয়নভিত্তিক ছেলেমেয়েদের আলাদা তালিকা তৈরি হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় প্রথমে থাকবে ছেলেদের বেলায় ২৪ মিনিটে ৫ কিমি দৌড় আর মেয়েদের বেলায় ৮.৩০ মিনিটে ১.৬ কিমি দৌড়। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইট থেকে : www.crpf.gov.in

শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ২ গুণ প্রার্থীকে ডাক্তারি পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষার নম্বর দেখা হবে। শারীরিক মাপজোখ বা, শারীরিক সক্ষমতায় পাওয়া নম্বর দেখা হবে না। প্রতিটি রাজ্যের জন্য আলাদা মেধা তালিকা তৈরি হবে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in যাঁরা এই পরীক্ষায় সফল হয়ে চাকরি করতে চাও, তাঁরা এখন থেকে প্রস্তুতি শুরু করে দিন।


তুলসীর সরকারি চাকরির সেরা বই
- TULSHIR POLICE HANDBOOK & PRACTICE SET ₹ 500
- TULSHIR ICDS PRACTICE SET ₹ 250
- WBJEE ANM (R) & GNM ₹ 460
- TULSHIR PRIMARY TET HANDBOOK ₹ 700
- TULSHIR PRIMARY TET PRACTICE SET ₹ 500
- TULSHIR UPPER PRIMARY TET HANDBOOK (Sci. & Arts) ₹ 890
- TULSHIR UPPER PRIMARY TET PRACTICE SET (Arts) ₹ 500
- তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ) ₹ 400

Tulshi Publishing
9903210844 /8100480354

আলামিন ইন্ডাস্ট্রি
বাদুড়িয়া, উঃ ২৪ পরগনা
পদ : সেলসম্যান / সেলস এক্সিকিউটিভ (রাজ্যের সব জেলায়); যোগ্যতা : গ্র্যাজুয়েশন + পূর্ব অভিজ্ঞতা + পরিশ্রমী + সেলস-এর কাজে আগ্রহী। বেতন প্যাকেজ: ₹ 25,000/- আগ্রহী ছেলেমেয়েরা বায়োডাটা তাড়াতাড়ি পাঠান।
M: +91 6297849030

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

APOLLO CARE INSTITUTE
(Affilated by : BSS, Ministry of HRD, Govt. of India)
নার্সিং শিখে
একজনও বসে থাকে না



Our Courses-
- CCU (Critical care unit)
- NURSING (GNM, B.Sc. BSS)
- OT TECHNICIAN
- PHARMACY
- MONTESSORI TEACHERS TRAINING
- LAB TECHNICIAN
- POST BASIC NURSING
- PHYSIOTHERAPY

100% Placement
নগদ স্কলারশিপ প্রদান
Qualification- Madhyamik Pass
Eligible : Male / Female

সুবিধা সমূহ
অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী
ইনস্টলমেন্ট ফিস
ডিজিটাল ক্লাসরুম
ফ্রি WiFi
মেডিকেল কেস এন্ড গিফ্ট
চাকরির সুযোগ

Admission : 6289592046 / 9674307928

GO! Education
GREATER OPPORTUNITIES EDUCATION
WORK OPPORTUNITIES IN
GULF COUNTRIES



NURSES
ENGINEER
OFFICE STAFF
DRIVER
HOTEL
HOUSE KEEPER
PARAMEDICAL JOB
WORK OPPORTUNITIES IN
DUBAI QATAR SAUDI KUWAIT OMAN
Minimum 10th pass
WhatsApp your CV -
8372997425
(Dr. Hasan)
BUILD YOUR CAREER IN GULF COUNTRIES!

NIHT®
We Build Careers
Market Automate Create
Power of 3



সুনিশ্চিত চাকুরী
NIHT-র
Digital Marketing+
Gen AI + Agentic AI -র
প্রোগ্রাম student দের গড়ে তুলছে চাকুরিতে
unstoppable
MONTHLY EMI
100 PERCENT JOB ASSISTANCE
১টা কোর্সে ৩ টে Job Ready প্রোগ্রাম
20+ Global Certifications
52125+ Students Trained
- Practical Classes
- Live Panels
- Expert Trainers
- Free Website Hosting
- State-of-the-Art-Studio
- Course Videos(LMS)
- Unlimited Tools
- Model Photoshoot

Google Partner
Meta Business Partner
Skill India

9830501515
9903622993

Bhowanipore
1st floor,16C, Ashutosh Mukherjee Rd, near Homeland Mall, Kolkata- 700020

Ultadanga
3rd Floor, 161/1, CIT Rd, CIT Scheme VII M, Scheme 7, Kolkata- 700054

www.nihtdigitalmarketing.com

# সাধারণ মধ্যবিত্ত পরিবার থেকে কীভাবে আমি ম্যানেজমেন্টের ঈর্ষণীয় মাইনের চাকরি পেলাম



সুচরিতা বিশ্বাস
HR এক্সিকিউটিভ

এক সাধারণ মধ্যবিত্ত পরিবারের মেয়ে আমি। কলকাতার নামী কলেজ নারুলা ইনস্টিটিউট অফ টেকনোলজি থেকে কম্পিউটার সায়েন্স থেকে বি.টেক পাশকরি। তারপরে অনেক জায়গায় ইন্টারভিউ দিই। কিন্তু কোথাও কিছু হচ্ছিল না। কেউ 'আমাকে রিজেক্ট করে'; কাউকে 'আমি রিজেক্ট করি'। কিছুতেই চাকরি পাচ্ছিলাম না। পরিস্থিতি প্রতিদিন দমবন্ধ হয়ে আসছিল। সব সময় নেগেটিভ লাগত। অবস্থার উন্নতির জন্য আমি মরিয়া হয়ে উঠেছিলাম। তারপর এক আত্মীয়ের পরামর্শে, দমে না গিয়ে ১ বছর ধরে প্রত্যেক সপ্তাহে আমি **কর্মসংস্থান** কাগজটি বাড়িতে রাখা শুরু করলাম। বলতে গেলে পুরো কাগজটাই গিলতাম। ওখানে দেখেই — অনেক সংস্থায় চাকরির জন্য আবেদন করেছিলাম। কিন্তু ঠিকঠাক মতো কিছুই 'ক্লিক' করছিল না। তারপর ওখানেই একদিন জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। যখন থেকে চাকরি খুঁজছি, তখন থেকেই আমি চাইছিলাম নিজের মতো করে কাজ করতে। আমার প্রায়োরিটি ছিল ভালো প্যাকেজের সাথে প্রথম সারির কোনো কোম্পানিতে কেরিয়ার শুরু করা। যা কিছুতেই হচ্ছিল না। কিন্তু চাকরি আমাকে পেতেই হত। কারণ পরিবারের আর্থিক অবস্থা। তাই যখন সাপ্তাহিক **কর্মসংস্থান** কাগজে ডিসান অ্যাকাডেমির কথা জানতে পারলাম, সরাসরি ওখানেই ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার মতোই অনেককে ওখানে দেখে খুব অবাক হয়েছিলাম। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করেন। তারপর খুব অবাক করার মত তথ্য ওঁনারা আমাকে জানালেন। যদিও আমি বি.টেক ব্যাকগ্রাউন্ড, কিন্তু আমার কথা বলার দক্ষতা অর্থাৎ কমিউনিকেশন এবিলিটির জন্য আমার অবশ্যই হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) নিয়ে কেরিয়ার গড়া উচিত। ওঁনাদের কথায় প্রথমে আমি বিশ্বাস করিনি। তারপর ভাবলাম একটা সুযোগ নিয়েই দেখি। **তারপর বুঝলাম — ভাগ্যিস ঠিক সিদ্ধান্ত নিয়েছিলাম। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) নিয়ে যারা কেরিয়ার গড়তে চায়, তাদের জন্য একদম আদর্শ জায়গা হল ডিসান। ডিসানের প্রফেশনাল কাউন্সেলররা ৬-৯ মাসের মধ্যে কোনো ভালো কোম্পানিতে, ভালো মাইনের চাকরি কীভাবে পাব, তার একটা সুনির্দিষ্ট গাইডলাইন প্রথম দিনই সুন্দরভাবে বুঝিয়ে দিয়েছিলেন। ওঁনারা বলেছিলেন, 'আমার ডিগ্রি আছে — কিন্তু ডিরেকশন নেই।' আমি ওঁনাদের কথা মতো ৬ মাসের 'হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR)' কোর্সে ভর্তি হই।**

এখানে মূলত ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। ফলে কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পেতে কোনো অসুবিধাই হয় না। এছাড়াও, এখানকার ট্রেনিংয়ে ESI, PF, Gratuity ও Updated Labour Laws-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যা প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। এইরকম ২ পর্যায়ে প্রফেশনাল ট্রেনিং আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। এখনকার দিনে দাঁড়িয়ে ম্যানেজমেন্টের অন্যতম গুরুত্বপূর্ণ কোর্স এটি। ম্যান ম্যানেজমেন্টের ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা ডেলয়েট-এর মতে আগামী বছরের মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ১৮-২০ হাজার লোক লাগে) প্রায় ৪৪% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি হবে। আর ভবিষ্যতে ভালো মাইনেও পাওয়া যায়। প্রথম সারির বহুজাতিক সংস্থায় এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এখন সব কোম্পানি-ই HR প্রফেশনালসদের দিয়ে কোম্পানি পরিচালনা করে — যাতে কোম্পানির প্রোডাক্টিভিটি কয়েকশো গুণ বেড়ে যায়। আর ঠিক এই কারণেই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। ডিসানে এই বিভাগে সেরা ট্রেনিং দেওয়া হয়। এখনও আমার ট্রেনিং চলছে। কিন্তু ইতিমধ্যেই আমি একটি বড় কোম্পানিতে হ্যান্ডসাম স্টাইপেন্ড নিয়ে ইন্টার্নশিপ করেছি। তারপর আরেকটি বড় বহুজাতিক সংস্থায় ইন্টারভিউ দিই। আর প্রথমবারেই সফল হই। রীতিমত ভালো পে-প্যাকেজ নিয়ে, সামনেই আমার 'জয়েনিং'। একথা আমি নির্দ্বিধায় বলতে পারি যে, ৬ মাস আগেও আমি কোনো ভালো কোম্পানিতে চাকরি পাব — একথা ভাবতেই পারতাম না। আমার এই কনফিডেন্স আর কেরিয়ার নিয়ে এই ট্রান্সফরমেশন সবটাই সম্ভব হয়েছে এখানে ট্রেনিং নেওয়ার পর।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয় অর্থাৎ **'Talent Acquisition (HR)'**, এর ওপরেই সবচেয়ে গুরুত্ব দেওয়া হয়। ফলে এখান থেকে পাশ করলে চাকরির জন্য বসে থাকতে হয় না। ট্রেনিং শেষে সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা ম্যানেজমেন্ট কোম্পানি, বহুজাতিক সংস্থার (দেশ-বিদেশের) স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড ট্রেনিং মডিউলে ESI, PF, Gratuity এর ওপর আলাদাভাবে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পাওয়া যায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড় প্রফেশনাল HR ম্যানেজারকেই ফ্যাকাল্টি হিসাবে নিয়োগ করা হয়। (৬) স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। (৭) সাধ্যের মধ্যে একদম ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৬ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

## ৮৮ ট্রেনি

১ পাতার পর

(কেমিক্যাল) : কেমিক্যাল, পেট্রোকেমিক্যাল বা, কেমিক্যাল টেকনোলজির ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩২টি (জেনাঃ ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩)।

**পোস্ট কোড : MTMECH/022026 : ম্যানেজমেন্ট ট্রেনি (মেকানিক্যাল) :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড : MTELE/022026 : ম্যানেজমেন্ট ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড : MTINST/022026 : ম্যানেজমেন্ট ট্রেনি (ইন্সট্রুমেন্টেশন) :** ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৩, তঃজাঃ১, তঃউঃজাঃ১, ও.বি.সি.৩, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড : MTIT/022026 : ম্যানেজমেন্ট ট্রেনি (ইনফর্মেশন টেকনোলজি) :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**পোস্ট কোড : MTFIN/022026 : ম্যানেজমেন্ট ট্রেনি (ফিনান্স) :** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, চার্টার্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। কমার্স, অ্যাকাউন্টিং / ফিনান্সের ডিগ্রি কোর্স পাশরা ফিনান্স স্পেশালাইজেশন হিসাবে এম.বি.এ./ পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড : MTMKTG/022026 : ম্যানেজমেন্ট ট্রেনি (মার্কেটিং) :** সায়েন্স / ইঞ্জিনিয়ারিং / অ্যাগ্রিকালচারের ডিগ্রি কোর্স পাশরা এম.বি.এ. (মার্কেটিং)/ এম.এম.এস. (মার্কেটিং)/ এম.বি.এ. (অ্যাগ্রি. বিজনেস ম্যানেজমেন্ট)/ এম.বি.এ. (অ্যাগ্রিকালচার) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড : MTBOI/022026 :ম্যানেজমেন্ট ট্রেনি (বয়লার) :** কেমিক্যাল, মেকানিক্যাল, পেট্রোকেমিক্যাল, ইন্সট্রুমেন্টেশন বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। সব ক্ষেত্রে বয়লার অপারেশন ইঞ্জিনিয়ার্স সার্টিফিকেট বা, বয়লার প্রফিসিয়েন্সি সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৬টি (তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-২-২০২৬'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ম্যানেজমেন্ট ট্রেনি পদে ১ বছরের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ৬০,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 16022026.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন টেস্ট হবে, কলকাতা ও গুয়াহাটিতে। ৯০ মিনিটের ১০০টি প্রশ্ন হবে। এর মধ্যে ৫০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর আর ৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং অ্যান্ড জেনারেল নলেজ / অ্যাওয়ারনেস। নেগেটিভ মার্কিং আছে। প্রশ্ন হবে ইংরিজিতে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে। এরপর হবে ইন্টারভিউ ও ট্রেড টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rcftd.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিজের হাতের লেখায় এই প্যারাগ্রাফটি স্ক্যান করে নেবেন 'I..... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে, ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## প্রতিরক্ষা সংস্থায় ২,৬১৫

১ পাতার পর

পদের জন্য যোগ্য :

**ট্রেডসম্যান মেট :** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা যোগ্য। আই.টি.আই. থেকে যে কোনো ট্রেড পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। বেসিক পে ১৮,০০০ -৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ১,৭৯৯টি (জেনাঃ ৭২৮, তঃজাঃ ২৭০, তঃউঃজাঃ ১৩৫, ও.বি.সি. ৪৮৩, ই.ডব্লু.এস. ১৮৩)।

**ফায়ারম্যান :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৫ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮১.৫ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি আর ওজন অন্তত ৫০ কেজি। বেসিক পে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৫২০টি (জেনাঃ ২১০, তঃজাঃ ৭৮, তঃউঃজাঃ ৪০, ও.বি.সি. ১৪০, ই.ডব্লু.এস. ৫২)।

**মাল্টি টাস্কিং স্টাফ :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ১৪২টি (জেনাঃ ৫৮, ও.বি.সি. ৩৮, তঃজাঃ ২১, তঃউঃজাঃ ১১, ই.ডব্লু.এস. ১৪)।

**জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ১০৪টি (জেনাঃ ৪২, ই.ডব্লু.এস. ১০, ও.বি.সি. ২৮, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৮)।

**মেটেরিয়াল অ্যাসিস্ট্যান্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মেটেরিয়াল ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ২০, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৩)।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং: AOC/CRC/2026/AUG-[illegible]

প্রার্থী বাছাই করবে আর্মি অর্ডন্যান্স কর্পস সেন্টারের অধীন সেন্ট্রাল রিক্রুটমেন্ট সেল। এজন্য প্রথমে ফিজিক্যাল এন্ডিওরেন্স টেস্টের জন্য ডাকা হবে। পরীক্ষা হবে নভেম্বরে। ফায়ারম্যান পদের বেলায় ছেলেদের ক্ষেত্রে — ৬ মিনিটে ১.৬ কিমি. দৌড়তে হবে আর মেয়েদের বেলায় ৮ মিনিট ২৬ সেকেন্ডে ১.৬ কিমি. দৌড়তে হবে। এরপর ছেলেমেয়ে উভয়ের জন্য ২.৭ মিটার খানা টপকানো, ৬৩.৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার দূরত্ব বহন করা আর সমান্তরাল দড়ি বেয়ে ৩ মিটার ওপরে ওঠা।

ট্রেডসম্যান মেট পদের বেলায় ছেলেদের ক্ষেত্রে — ৬ মিনিটে ১.৫ কিমি. দৌড়তে হবে আর ৫০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ১০০ সেকেন্ডে ২০০ মিটার দূরত্ব বহন করতে হবে।

মেয়েদের বেলায় ৮ মিনিট ২৬ সেকেন্ডে ১.৫ কিমি. দৌড়তে হবে আর ৫০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ৩ মিনিট ৪৫ সেকেন্ডে ২০০ মিটার দূরত্ব বহন করতে হবে। অন্যান্য পদের বেলায় ট্রেড টেস্ট হবে।

এরপর হবে লিখিত পরীক্ষা। মাধ্যমিক যোগ্যতার ছেলেমেয়েদের বেলায় এই পরীক্ষায় ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, জেনারেল ইংলিশ-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস-৫০ নম্বরের ৫০টি প্রশ্ন।

উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট যোগ্যতার ছেলেমেয়েদের বেলায় এই পরীক্ষায় ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, জেনারেল ইংলিশ-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন-৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ আগস্ট থেকে ২৩ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://.aocrecruitment.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, যাবতীয় প্রমাণপত্রের মূল স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। চশমার কাঁচ তৈরির প্রধান উপাদান হল — লেড সিলিকেট (ফর্মুলা - $PbSiO_3$)।

২। মোলার আয়তনের মান কীসের ওপর নির্ভরশীল — গ্যাসের চাপ ও উষ্ণতার ওপর।

৩। কোনো বস্তুতে আধানের অস্তিত্ব নির্ণয়ের যন্ত্র হল — তড়িৎবীক্ষণ যন্ত্র।

৪। কোন জাতীয় খাদ্যে তাপনমূল্য সবথেকে বেশি — অ্যামাইনো অ্যাসিড।

৫। ব্যাঙের শিকার ধরা কোন ধরনের প্রতিবর্ত ক্রিয়া — জটিল প্রতিবর্ত ক্রিয়া।

৬। পৃথিবীতে প্রথম আবিষ্কৃত অ্যান্টিবায়োটিক কোনটি — পেনিসিলিন (আলেকজান্ডার ফ্লেমিং ১৯২৮ সালে এটি শনাক্ত করেন)।

৭। কোন জীবাণু থেকে 'হাম' রোগ হয় — রুবেওলা।

৮। মরুভূমিতে মেঘ ঘনীভূত হয়না কেন — নিম্ন আর্দ্রতার জন্য।

## ইতিহাস

৯। বৌদ্ধ ঐতিহ্য অনুসারে, বুদ্ধের সারথি ছিলেন — চান্না।

১০। তাম্রলিপ্ত জাতীয় সরকার কত সাল পর্যন্ত কার্যকর ছিল — ১৯৪৪।

১১। ভারতে, ইংরিজি শিক্ষা কার আমলে চালু হয় — লর্ড বেন্টিঙ্ক।

১২। বিপিনবিহারী গঙ্গোপাধ্যায় কোন গুপ্ত সমিতির সঙ্গে যুক্ত ছিলেন — আত্মোন্নতি সমিতি।

১৩। কুমারান আসন কোন বর্তমান রাজ্যের সামাজিক নবজাগরণের সঙ্গে সম্পর্কিত — কেরলম।

১৪। রঞ্জিত সিং আর 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি'র মধ্যে 'অমৃতসর চুক্তি' কত সালে স্বাক্ষরিত হয় — ১৮০৯।

১৫। প্রথম ভারতীয় হিসাবে লন্ডনের 'রয়্যাল সোসাইটি'র ফেলো হন — আর্দাসীর কার্সেটজি ওয়াদিয়া এফআরএস।

১৬। কোন মোগল শাসকের শেষের দিকে মোগল সাম্রাজ্য জায়গিরদারি সংকটের মুখোমুখি হয়েছিল — ঔরঙ্গজেব।

## ভূগোল

১৭। 'কাচিন' পাহাড় ভারত ও কোন প্রতিবেশী দেশের মধ্যে সীমানা তৈরি করে — মায়ানমার।

১৮। আরাবল্লী পর্বতের পুষ্কর উপত্যকা থেকে উৎপন্ন 'লুনী' নদী কোথায় শেষ হয়েছে — গুজরাতের কচ্ছের রাণ।

১৯। ভারতে প্রথম কোন বন্দরটি পাব্লিক কোম্পানি হিসাবে স্বীকৃতি পেয়েছে — এন্নোর বন্দর (এটি ২০০১ সালে চালু হয়)।

২০। ভারতে সবথেকে সাধারণ ধরনের বন হল — গ্রীষ্মমণ্ডলীয় পর্ণমোচী।

২১। রাজস্থানের 'ঝামারকোত্রা খনি' কোন খনিজ পদার্থের জন্য সবথেকে বেশি পরিচিত — রক ফসফেট।

২২। ভারতের বৃহত্তম ম্যানগ্রোভ বনগুলির মধ্যে একটি 'পিচাভারম' ম্যানগ্রোভ বন ভারতের কোন রাজ্যে অবস্থিত — তামিলনাড়ু।

২৩। 'দানা পানি' আর 'আইএনএস হামলা' ভারতের কোন সমুদ্র সৈকতের অংশ — আকসা সমুদ্র সৈকত।

২৪। কোন পাহাড়ে পূর্বঘাট পর্বতমালা, পশ্চিমঘাট পর্বতমালার সঙ্গে মিলিত হয়েছে — নীলগিরি পাহাড়।

## অর্থনীতি

২৫। 'ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র চিফ ভিজিল্যান্স অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — ললিত তানেজা।

২৬। ৭ দিনের ভেরিয়েবল রেট রেপো নিলামের মাধ্যমে 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক' ব্যাঙ্কিং ব্যবস্থায় মোট কত টাকা যুক্ত করেছে — ১,৪১,১৭১ কোটি টাকা।

২৭। 'লন্ডন স্টক এক্সচেঞ্জ গ্রুপ'এর 'গ্রিন ইকোনমি রিপোর্ট ২০২৬' অনুযায়ী, ভারত ২০২৫ সালে মোট কত ডলারের 'গ্রিন রেভিনিউ' আয় করেছে — ১১০ বিলিয়ন মার্কিন ডলার।

২৮। 'ব্র্যান্ড ফাইন্যান্স ইন্ডিয়া ১০০-২০২৬' রিপোর্ট অনুযায়ী, এখন ভারতের সবথেকে মূল্যবান ও শক্তিশালী টায়ার ব্র্যান্ড কোনটি — এমআরএফ লিমিটেড।

২৯। চলতি আর্থিক বছরে ১৩ জুলাই পর্যন্ত ভারতের নিট প্রত্যক্ষ কর আদায়ের পরিমাণ আগের বছরের একই সময়ের তুলনায় ১৬.৪% বেড়ে মোট কত টাকায় দাঁড়িয়েছে — ৬.৫১ লাখ কোটি।

৩০। ২০২৬-'২৭ আর্থিক বছরের প্রথম ত্রৈমাসিকে মোট কত টাকার সর্বকালের সর্বোচ্চ রাজস্ব আয় রেকর্ড করেছে ভারতীয় ডাক বিভাগ — ৪,০০৯ কোটি টাকা।

## সাম্প্রতিক ঘটনা

৩১। সব সরকারি বিভাগে বৈদ্যুতিক যানবাহন ব্যবহার বাধ্যতামূলক করল কোন রাজ্য — ওড়িশা।

৩২। ম্যান্ডারিন ভাষায় লেখা 'তাইওয়ান ট্রাভেলগ' উপন্যাসের জন্য এবছর যৌথভাবে 'আন্তর্জাতিক বুকার পুরস্কার' পেলেন কারা — লেখক ইয়াং শুয়াং-জি ও অনুবাদক লিন কিং।

৩৩। 'অপারেশন নবজীবন' ভারতের কোন রাজ্য সরকারের একটি বিশেষ পুনর্বাসন কর্মসূচি — ঝাড়খণ্ড (এর মূল উদ্দেশ্য হল, নকশাল ও মাওবাদীদের হিংসার পথ ত্যাগ করে মূল স্রোতে ফিরে আসতে উৎসাহিত করা)।

৩৪। 'আমেরিকান ইনস্টিটিউট অফ অ্যারোনটিক্স অ্যান্ড অ্যাস্ট্রোনটিক্স'এর তরফ থেকে এবছর মর্যাদাপূর্ণ 'গডার্ড অ্যাস্ট্রোনটিক্স পুরস্কার' পেল ভারতের কোন মিশন — চন্দ্রযান-৩ (২০২৩ সালের ২৩ আগস্ট 'চন্দ্রযান-৩'এর মাধ্যমে চাঁদের দক্ষিণ মেরুতে বিশ্বের প্রথম সফল ও নিরাপদ অবতরণ করার ঐতিহাসিক কৃতিত্বের জন্য এই পুরস্কার পেল তারা)।

৩৫। প্রসাধনী পণ্য ইঞ্জেকশনের মাধ্যমে প্রয়োগ সম্পূর্ণ নিষিদ্ধ করল কোন সংস্থা — সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন।

৩৬। 'গাবি' নামে নিজেদের প্রথম একটি কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পন্ন হিউম্যানয়েড রোবট উন্মোচন করল কোন দেশ — দক্ষিণ কোরিয়া।

৩৭। এবছর ফ্রান্সে 'কান চলচ্চিত্র উৎসব'এ প্রথমবারের মতো দেখানো হয়েছে সম্পূর্ণ কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে তৈরি একটি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। চলচ্চিত্রটির নাম কী — হেল গ্রাইন্ড (চলচ্চিত্রটি তৈরি করেছে সান ফ্রান্সিসকোর স্টার্টআপ 'হিগসফিল্ড এআই')।

৩৮। এবছর মর্যাদাপূর্ণ 'স্ক্রিপস ন্যাশনাল স্পেলিং বি' প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হল কে — ক্যালিফোর্নিয়ার ১৪ বছর



বয়সি ভারতীয়-মার্কিনি শিক্ষার্থী শ্রেয় পারিখ (৯০ সেকেন্ডে ৩৫টির মধ্যে ৩২টি শব্দ সঠিকভাবে বানান করে এই শিরোপা জিতে নেয় সে)।

৩৯। ভারতের প্রথম রাজ্য হিসাবে মন্ত্রিসভা পর্যায়ে কৃত্রিম বুদ্ধিমত্তার জন্য একটি আলাদা দফতর তৈরি করে এক অনন্য নজির গড়ল কারা — কেরলম।

৪০। পর্যটন ও আতিথেয়তা খাতকে (হোটেল ও গেস্ট হাউজ) আনুষ্ঠানিকভাবে শিল্পের মর্যাদা দিল কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল — লাদাখ।

৪১। নেপালের দিক থেকে একদিনে রেকর্ড মোট কতজন পর্বতারোহী 'মাউন্ট এভারেস্ট'এর চূড়ায় আরোহণ করে নতুন ইতিহাস তৈরি করেছেন — ২৭৪ জন।

৪২। কিংডম অফ বাহরাইনে, ভারতের রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — ড.প্রদীপ সিং রাজপুরোহিত।

৪৩। উগান্ডা প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী হাইকমিশনার হিসাবে নিযুক্ত হলেন কে — ড.অজয় কুমার।

৪৪। এবছর 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র মর্যাদাপূর্ণ 'বিশ্ব তামাকমুক্ত দিবস পুরস্কার'এ ভূষিত হল কোন রাজ্য — রাজস্থান (২০২৫-'২৬ সালে তামাক নিয়ন্ত্রণে অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে, দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলে সর্বোচ্চ সম্মানে ভূষিত হয়েছে রাজস্থানের চিকিৎসা ও স্বাস্থ্য বিভাগ)।

৪৫। রোমে, রাষ্ট্রসঙ্ঘের 'ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচার অর্গানাইজেশন'এর সদরদফতরে সংস্থাটির কাছে, ২০২৬ সালের মর্যাদাপূর্ণ 'অ্যাগ্রিকোলা মেডেল' পেলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী (ভারত ও বিশ্বজুড়ে খাদ্য নিরাপত্তা, টেকসই কৃষি ও গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে নরেন্দ্র মোদীর নেতৃত্বের স্বীকৃতি হিসাবে এই সম্মান দেওয়া হয়েছে)।

৪৬। কেরলমের প্রথম বেসরকারি চিকিৎসা জাদুঘর কোথায় চালু হয়েছে — তিরুবনন্তপুরমের উল্লুরে (এটির নাম 'মিউজিয়াম অফ মেডিক্যাল আর্কাইভস')।

৪৭। উত্তর-পূর্বাঞ্চলের প্রথম ডিজিটাল বন অধিকার আইন ম্যাপ কোথায় উন্মোচিত হল — ত্রিপুরা।

৪৮। ভারতীয় নৌবাহিনীর ৪৮ তম ভাইস চিফ হিসাবে দায়িত্ব নিলেন কে — ভাইস অ্যাডমিরাল অজয় কোচার।

৪৯। কোথা থেকে ভারতের প্রথম দেশীয় সুপার-প্রেশার বেলুন 'VISTA' সফলভাবে উৎক্ষেপণ করল হায়দরাবাদের স্টার্টআপ 'রেড বেলুন অ্যারোস্পেস' — আন্ধ্রা প্রদেশের বিজয়ওয়াড়ার 'ইন্দিরা গান্ধী স্টেডিয়াম'।

৫০। কোন বিমানবন্দরে দেশের প্রথম 'স্কাইকাস্ট' আবহাওয়া পর্যবেক্ষণ ও নাউকাস্টিং সিস্টেমের উদ্বোধন করলেন কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী জিতেন্দ্র সিং — নয়াদিল্লির 'ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর'।

সঙ্কলক : পলি দেওয়ান


## ভারতের নামী বিশ্ববিদ্যালয় থেকে Ph.D. করে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসাবে চাকরি সুযোগ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতের নামী বিশ্ববিদ্যালয় থেকে Ph.D করার সুযোগ এখন হাতের মুঠোয়। মাস্টার ডিগ্রি হোল্ডার্স Non-NET প্রার্থীদেরও গাইড করা হবে। ফ্রেশার বা, কর্মরত ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। লিমিটেড সীট আছে। আমাদের বিশেষত্ব : (১) ইউনির্ভাসিটি অ্যান্ড সুপারভাইজর শর্টলিস্টিং, (২) রিসার্চ প্রোপোজাল ও SOP সাপোর্ট, (৩) এন্ট্রান্স এক্সাম ও ইন্টারভিউ প্রিপারেশন, (৪) ফেলোশিপ ও ফান্ডিং অ্যাসিস্ট্যান্ট, (৫) স্ট্রং রিসার্চ ইন্টারেস্ট। আগ্রহী প্রার্থীরা বিস্তারিত জানতে এখনই যোগাযোগ করুন এই ঠিকানায়: অ্যাডমিশন গাইডেন্স, বালি, হাওড়া। ফোন : 9038011392

## পেশাদারী প্যারামেডিকেল কোর্সে কেরিয়ারের শিখরে পৌছানোর মাইলস্টোন কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজ

ডাঃ কে. আর অধিকারী একটি নাম, একটি প্রতিষ্ঠান, তাঁর আদর্শে ২০০৩ সালে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অনুমোদন নিয়ে গঠিত এই প্যারামেডিকেল কলেজের মূল মন্ত্র "Be a professional, job will search you"। এখানে ২০২৬-২৭ সেশনে ভর্তি শুরু হয়েছে। ৩০ জুন পর্যন্ত ভর্তির ক্ষেত্রে কিছু বিশেষ সুযোগ দেওয়া হচ্ছে। যেমন (১) ভর্তির ক্ষেত্রে প্রতিটি ছাত্রছাত্রীর জন্য রয়েছে ভর্তি-ফি তে বিশেষ ছাড় (২) মেধাবী ছাত্রছাত্রীদের জন্য রয়েছে বিশেষ স্কলারশিপের সুযোগ (৩) প্রতিটি ছাত্রছাত্রীদের জন্য রয়েছে বিনামূল্যে DIGITAL HEALTH & TELEMEDICINE এর Short term সার্টিফিকেট কোর্স। পশ্চিমবঙ্গের প্রথম প্যারামেডিকেল কলেজ ডাঃ কে. আর. অধিকারী কলেজ তার জন্মলগ্ন থেকেই বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জন্য ১০০% শতাংশ চাকুরীর উপযোগী সহজলভ্য বিভিন্ন প্যারামেডিকেল কোর্স করাচেছ। আর্টস ও কমার্সের ছাত্রছাত্রীরাও এই কোর্সগুলি করতে পারবে, তবে সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স মূল কোর্সের পাশাপাশি করতে হবে এবং এর জন্য অতিরিক্ত সময় লাগবে না।

বর্তমান স্বাস্থ্যপরিষেবায় চাহিদা অনুযায়ী উচ্চমাধ্যমিক পাশ করার পর কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত বিভিন্ন Allied Health Sciences কোর্সগুলি কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজে করানো হচেছ। ২ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ মেয়াদের বিভিন্ন ডিপ্লোমা কোর্সগুলি হল Optometry (চক্ষু পরীক্ষক), O.T. (অপারেশন থিয়েটার), C.C.T. (ক্রিটিক্যাল কেয়ার), D.M.L.T. (প্যাথোলজী), D.M.R.T. (রেডিওলজী), Dialysis (ডায়ালাইসিস), D.P.T. (ফিজিওথেরাপী), D.P.A.&E.D. (ফিজিসিয়ান অ্যাসিস্টেন্ট), E.C.G.&P.F.T. (ই.সি.জি. & পি.এফ.টি.), Anaesthesis (অ্যানাসথেসিয়া), Dental Technology & Hygiene (ডেন্টাল হাইজিন)।

এছাড়া বিজ্ঞান বিভাগের স্নাতক স্তরের ছাত্র-ছাত্রীরা ১ বছর ও ৬ মাস ইন্টার্নশিপ মেয়াদের P.G. (Post-graduate) ডিপ্লোমার বিভিন্ন আকর্ষণীয় Allied Health Sciences কোর্সগুলি করে উচ্চ বেতনে স্বাস্থ্যক্ষেত্রে চাকুরীর জন্য বিবেচিত হতে পারেন। এইধরনের বিভিন্ন কোর্সগুলি যেমন P.G.D.M.L.T. (প্যাথোলজী), P.G.D.M.R.T. (রেডিওলজী), P.G.D.O.T.T. (অপারেশন থিয়েটার), P.G.D.D.T. (ডায়ালাইসিস), P.G.D.C.C.T. (ক্রিটিক্যাল কেয়ার), P.G.D.G.C.T. (জেরিয়েট্রিক কেয়ার), P.G.D.H.A. (হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন) করতে পারেন।

যারা মাধ্যমিক পাশ করেছেন অথচ যেকোন কারণেই হোক পরবর্তী ক্ষেত্রে আর উচ্চশিক্ষার সুযোগ হয়ে ওঠেনি তাদের ক্ষেত্রেও স্বাস্থ্যপরিষেবায় পেশাদারীত্বের বিভিন্ন চাকুরীর উপযোগী বিশ্ববিদ্যালয় অনুমদিত কোর্স রয়েছে কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজে। তার মধ্যে যেমন রয়েছে O.M.S.&E.D. (কমিউনিটি হেলথ & এসেন্সিয়াল ড্রাগ) কোর্সটি করে গ্রামীণ স্বাস্থ্যকর্মী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করার সুবর্ণ সুযোগ। এছাড়া Sanitary Inspector (স্যানীটারী ইন্সপেক্টর), Basic Practical Nursing (বেসিক প্র্যাকটিক্যাল নার্সিং), Phlebotomy (ব্লাড কালেক্টর), Basic Physiotherapy (বেসিক ফিজিওথেরাপী), E.C.G. (সার্টিফিকেট ই.সি.জি.), Radiography Assistant (অ্যাসিস্টেন্ট রেডিওগ্রাফী), Yoga & Exercise (যোগা & এক্সারসাইজ) এইসকল কোর্সগুলি করে নিয়ে নিজেকে প্রতিষ্ঠিত করার সুযোগ।

২০০৩ সাল থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত যে সকল ছাত্র-ছাত্রীরা বিভিন্ন কোর্স পাশ করেছেন তারা আজ বিভিন্ন কেন্দ্রীয় সরকারী ও রাজ্য সরকারী হাসপাতালগুলিতে উচ্চপদে কর্মরত। তার মধ্যে কেন্দ্রীয় সরকারের অধীন বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, ইসার (ISSER), বি.আর.সিং হাসপাতাল, AIIMS ভুবনেশ্বর, AIIMS কল্যাণী ইত্যাদি ও রাজ্য সরকারের অধীন বিভিন্ন গ্রামীণ হাসপাতাল, রাজ্য সাধারণ হাসপাতাল, সাব-ডিভিসন হাসপাতাল, এন.আর.এস. মেডিকেল কলেজ হাসপাতাল, উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতাল, বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতাল, বীরভূম মেডিকেল কলেজ হাসপাতাল, জে.এন.এম. মেডিকেল কলেজ হাসপাতাল, বাঙ্গুর ইন্সটিটিউট অফ নিউরোলজী ইত্যাদি জায়গায় কর্মরত। এছাড়া কোলকাতার রুবী জেনারেল হাসপাতাল, মণিপাল হাসপাতাল, ডিসান হাসপাতাল, চার্ণক হাসপাতাল, বি.এম.আর.আই, অ্যাপোলো গ্লিনেগ্লেস হাসপাতাল, সুশ্রুত আই হাসপাতাল, দিশা আই হাসপাতাল, রোটারী আই হাসপাতাল, লেন্সকার্ট আই প্লাস, টাইটান আই কেয়ার, ডাঃ লাল প্যাথল্যাব, সিরাম ডায়গনস্টিক ও মফঃস্বলে ছড়িয়ে ছিটিয়ে থাকা বিভিন্ন ডায়গনস্টিক সেন্টার গুলিতে উচ্চবেতনে কর্মরত।

কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজে পাঠ চলাকালীন বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে ও কলেজের নিজস্ব ও.পি.ডি. তে হাতেকলমে কাজ শেখার জন্য উন্নতমানের ট্রেনিং এর ব্যবস্থা আছে ও এছাড়াও রয়েছে বিভিন্ন সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল, এস.ডি. হাসপাতাল ও রাজ্য সাধারণ হাসপাতালগুলিতে ৬ মাসের ইন্টার্নশিপের সুযোগ।

পরিশেষে বলতেই হয় ছাত্র-ছাত্রীদের কর্মসংস্থানের জন্য ডাঃ কে. আর. অধিকারী কলেজের প্লেসমেন্ট সেল সত্যিই প্রশংসনীয়। এইজন্যই সকল অভিভাবক-অভিভাবিকাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি আর কালবিলম্ব না করে অতিস্বত্বর যোগাযোগ করুন কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপটোমেট্রি এন্ড প্যারামেডিকেল টেকনোলজীর একমাত্র ক্যাম্পাসে WEBEL IT Park (Phase-II), Kalyani, Nadia, 741235 (near Buddha Park) অথবা 9339218894 / 9477425536 / 8100149510 এই নম্বরগুলিতে যোগাযোগ করে বিস্তারিত জানার জন্য নিজেদের নাম লিপিবদ্ধ করুন।

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পি.এস.সি.'র

■ ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার ফল কবে বেরোবে? ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — ইব্রাহিম মন্ডল, বর্ধনবেড়িয়া, গোপালনগর, বনগাঁ, উত্তর ২৪ পরগনা। বিশাল খামরুই, কুমারিয়া, আমতা, হাওড়া।

■■ পি.এস.সি.'র নতুন চেয়ারম্যান অবসরপ্রাপ্ত আই.এ.এস. অফিসার অনিল ভার্মা জয়েন করেছেন। তাই সবাই আশাবাদী পি.এস.সি.'র যেসব পরীক্ষার ফল বেরোয়নি, যেসব পদের পরীক্ষা হয়নি ও যেসব পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোয়নি, সেগুলি দ্রুত হবে।

■ পিএসসি ক্লার্কশিপ পরীক্ষায় প্রেফারেন্স হিসাবে ডিরেক্টরেট, সেক্রেটারিয়েট, রিজিওন্যাল দেওয়া থাকে। কোনটি সিলেক্ট করলে কোন কোন দফতরে চাকরি পাওয়া যায়? এ বিষয়ে বিস্তারিত তথ্য জানালে ভালো হয়? এই পদ থেকে পদোন্নতির সুযোগ কেমন হয়? ক্লার্কশিপ মেনসের যে পরীক্ষা হল, তার ফল কবে বেরোবে — প্রণব দাস, দেশবন্ধু রোড, ন-পাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ রাজ্য সরকারের অফিসগুলিকে সাধারণত ৩টি স্তরে ভাগ করা হয়। প্রথম সেক্রেটারিয়েট, দ্বিতীয় ডিরেক্টরেট, তৃতীয় রিজিওন্যাল অফিস। সেক্রেটারিয়েট দফতর হল যেখানে সাধারণত মন্ত্রীর সচিবালয় থাকে যেমন, নবান্ন, রাইটার্স বিল্ডিং, বিকাশ ভবন, উত্তরবঙ্গ কন্যা ইত্যাদি। ডিরেক্টরেট দফতর হল সংশ্লিষ্ট দফতরে প্রধান কার্যালয়ের অফিস, সেটি কলকাতায় হতে পারে কিংবা জেলায় হতে পারে। রিজিওন্যাল অফিস সবসময়ই জেলায় থাকবে। সেক্রেটারিয়েট দফতরে চাকরি পেলে পদের নাম হবে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট (এলডিএ)। এই এলডিএ থেকে আপার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট (ইউডিসি), হেড অ্যাসিস্ট্যান্ট (এইচএ) হওয়া যায়। আর ডিরেক্টরেট ও রিজিওন্যাল অফিসে চাকরি পেলে পদের নাম হবে লোয়ার ডিভিশন ক্লার্ক (এলডিসি)। এলডিসি থেকে আপার ডিভিশন ক্লার্ক (ইউডিসি) ও হেড ক্লার্ক হতে পারবেন।

## পুলিশে চাকরির

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের বেলায় জেনারেল ক্যাটেগরিতে বয়স কত থাকতে হবে? — গায়ত্রী ঠাকুর, ধর্মদাসবর, কাঁথি, পূর্ব মেদিনীপুর।

■■ বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, রূপান্তরকামীরা ৩ বছর, সিভিক ভলান্টিয়ার /ভিলেজ পুলিশ ভলান্টিয়াররা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এন.ভি.এফ. বা, হোম গার্ডরাও নিয়মানুযায়ী ছাড় পাবেন।

## রেলে চাকরির

■ আই.টি.আই. থেকে সি.ও.পি.এ. কোর্স করেছি। রেলের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে পরবর্তীকালে রেলের পরীক্ষায় বাড়তি সুযোগ পাব কি? — রাই রয়।

■■ হ্যাঁ, অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে রেলের পরীক্ষায় বাড়তি গুরুত্ব পাবেন।

■ রেলে এন.টি.পি.সি. ক্যাটেগরিতে আন্ডার গ্র্যাজুয়েট প্রার্থীদের মে-জুন মাসে যে সি.বি.টি.-১ হয়েছিল, সেটির ফী'জ রিফান্ড প্রক্রিয়া শুরু হয়েছে কি? — অমিত বেরা, লক্ষ্মীকান্তপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ না, এখনো শুরু হয়নি।

## আদালতে চাকরির

■ কলকাতা হাই কোর্টের লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের মেনস পরীক্ষা কবে হবে? মেনস পরীক্ষা হতে কেন এত দেরি হচ্ছে? — জাকির হোসেন, মুর্শিদাবাদ। তাপস বিশ্বাস, আরামবাগ, হুগলি।

■■ কলকাতা হাই কোর্টের লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের প্রিলি পরীক্ষা হয়েছিল ২০২৪ সালের সেপ্টেম্বর মাস নাগাদ। প্রিলি পরীক্ষার ফল বেরোয় ২০২৫ সালের জানুয়ারি মাস নাগাদ। কিন্তু এখনো মেনস পরীক্ষার তারিখ ঠিক হয়নি। কলকাতা হাই কোর্টের এক মুখপাত্র জানান, ওবিসি সংক্রান্ত জটের জন্য পরীক্ষা নেওয়া যায়নি। এবছরই পরীক্ষা নেওয়া হবে। তবে পুজোর পর পরীক্ষা হওয়ার সম্ভাবনা।

## প্রাইমারির

■ সি-টেট পাশ প্রার্থীরা কি পশ্চিমবঙ্গের প্রাইমারির ইন্টারভিউ ডাক পাওয়ার সুযোগ পেতে পারে? — দীনবন্ধু দাস, কান্দি, মুর্শিদাবাদ। রাজেশ ঘোষ, ভুতনি, মালদা।

■■ হ্যাঁ, 'সি-টেট' পাশ প্রার্থীরা পশ্চিমবঙ্গে প্রাইমারির সুযোগ পাবেন।

■ প্রাথমিক বিদ্যালয়ে স্পেশাল এডুকেটর পদের 'টেট' পরীক্ষার ফল বেরিয়ে ইন্টারভিউ হয়ে গেছে। কবে চূড়ান্ত তালিকা বেরোবে? — শান্তিদাস চক্রবর্তী, বাসুদেবপুর, মড়ার, বাঁকুড়া।

■■ ফল শিগগিরই বেরোনোর সম্ভাবনা আছে।

## স্কুল সার্ভিসের

■ স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির বিজ্ঞপ্তি কবে বেরোবে? সিলেবাস ও পরীক্ষা পদ্ধতি জানাবেন। — দীপঙ্কর দে, কামরাবাদ, ভৌমিক পার্ক, সোনারপুর, দঃ ২৪ পরগনা।

■■ স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে আপার প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি আগে বেরোবে। নবম-দ্বাদশ শ্রেণির ২০১৬ সালের বাতিল প্যানেল নিয়োগের পর নতুন বিজ্ঞপ্তি বেরোনোর বিষয়ে ঠিক হবে। 'টেট'এর সিলেবাস বদল হবে না। তবে নবম-দশম ও একাদশ-দ্বাদশ-এর সিলেবাস বদল হবে ও অ্যাকাডেমিক স্কোরেও নম্বর বিভাজন বদল হবে।

ব্যবসা

# চানাচুর, পোট্যাটো চিপস, নিমকি ও কৃত্রিম চেরি তৈরির পদ্ধতি-সহ খাদ্য পণ্যের ব্যবসা

**নিজস্ব প্রতিনিধি :** বাজার ধরতে কম পুঁজিতে তৈরি করতে পারেন মুখরোচক খাদ্যপণ্য। নিম্ন মধ্যবিত্ত থেকে উচ্চ মধ্যবিত্ত পরিবারের টিফিনে অবধারিতভাবে আজ ঢুকে পড়েছে মুখরোচক খাদ্য। অল্প মূলধনে করা যায় এমন কিছু লাভজনক পণ্য দেওয়া হল :

**চানাচুর :** মুড়ি থেকে পানীয়ের সঙ্গী মুখরোচক চানাচুর। ফলে গৃহস্থ বাড়ির পাশাপাশি বার-হোটেলে চানাচুরের বিপুল চাহিদা। চানাচুর তৈরির উপাদান — বেসন, তেল, হিং, সাদা নুন, মশলা, ডাল (মুগ বা, মুসুর), কারিপাতা, চিনি, গুড়, আমচুর, জাইফল, জয়ত্রী। সরঞ্জাম দরকার কড়াই, নৌকা, ডিজেল ভাটি, ড্রাই মেশিন, হোওমেশিন, সিলিং মেশিন ও বিভিন্ন ধরনের ডাইস। পাপড়ি, গাটিয়া, বোঁদে, মিহিদানা, ভূজিয়া, ডালভাজা, বাদাম পকোড়া, লম্বা কাইদানা ইত্যাদির জন্য আলাদা-আলাদা ডাইস বা, ছাঁচ দরকার হয়। সরঞ্জাম বড়বাজারে কিনতে পাওয়া যায়।

**পদ্ধতি :** বেসনের সঙ্গে মশলা মেখে ভেজে নিয়ে বাদাম, ডাল, কারিপাতা ইত্যাদি মিশ্রণ করাতে হয়। তারপর আবার ভেজে নিয়ে ঠাণ্ডা করে প্যাকেজিং করতে হয়। ডিজেল ভাটি বা, কড়াইয়ে ভাজা হয়। নৌকায় মিশ্রণ করা হয়। ড্রাই মেশিনে তেল বের হয়।

**নিমকি :** চায়ের সঙ্গে মুখরোচক খাদ্য হিসাবে নিমকির জুড়ি নেই। দুর্গাপুজোয় বিজয়ায় মিষ্টান্ন ও নিমকি অপরিহার্য খাদ্য।

**নিমকি তৈরির উপাদান :** ময়দা, খাওয়ার তেল, নুন, খাওয়ার সোডা, কালো জিরে। যাবতীয় উপাদানগুলি একসঙ্গে ভালোভাবে মিশিয়ে বেলন-চাকিতে বেলতে হয়। এরপর কাঠি বা, ছুরি দিয়ে ত্রিকোণ করে কেটে কড়াইয়ে ভাজতে হবে ও সবশেষে প্যাকেজিং।

**আলুর চিপস :** ডিসেম্বরের শেষ থেকে মার্চের প্রথম সপ্তাহ পর্যন্ত বর্ধমান, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, বাঁকুড়া ও মেদিনীপুর জেলার বাজারে নতুন আলুর আমদানির জন্য আলুর দাম অনেক কম থাকে। এই সময় আলু কিনে ফালি করে শুকিয়ে পলি প্যাকে ভরে রাখলে এই কাঁচামাল দিয়ে সারা বছর আলুর চিপসের ব্যবসা করতে পারেন। মাঝে-মাঝে রোদে ফেলে রাখলে এই শুকনো ফালি আলু কখনো নষ্ট হওয়ার ভয় থাকে না। সরঞ্জাম হিসাবে দরকার আলু ফালি করার যন্ত্র বা, স্লাইসার, কয়েকটি বড় ডেকচি, বড় থালা, গামলা। একটু বড় আকারের বেশি পুঁজি ঢেলে করতে হলে 'ডিহাইড্রেটর' যন্ত্র কিনতে পারেন। এছাড়া লাগবে 'গ্রাইন্ডার-কাম-মিকশ্চার। মেশিন পাবেন হাওড়ার বেলিলিয়াস রোড, কলকাতার ডালহৌসি এলাকার চিনাবাজার স্ট্রিট, আর. এন. মুখার্জী রোডের বিভিন্ন রান্নার সাজ-সরঞ্জাম বিক্রির দোকানে। স্থায়ী সরঞ্জাম হিসাবে রাখতে হবে চিপস ভাজার জন্য কড়াই, ছাঁকনি, হাতা, জল ও তেল ঝড়ানোর ঝুড়ি, মগ, পুরনো খবরের কাগজ, আলুর চিপস কাটার কল।

**তৈরির পদ্ধতি :** প্রথমে হাল্কা গরম জলে আলু ডুবিয়ে কাদা মাটি ও পাতলা খোসা উঠিয়ে ফেলতে হবে। এরপর স্লাইসার যন্ত্রে ০.২৫ সেমি. পাতলা ফালি করে কেটে থালা বা, গামলায় রাখতে হবে। এবার একটু বড় ডেকচিতে জল নিয়ে তাতে পরিমাণমতো খাবার লবণ দিয়ে উনুনে জল ফোটান। দু'টি পাতিলেবুর রস এই ফোটানো জলে দিয়ে ভালোভাবে নেড়ে দিন। এবার উনুন থেকে ডেকচি নামিয়ে একটু ঠাণ্ডা করে অল্প উষ্ণ জলে মার্কিন কাপড়ের পুঁটলিতে বেঁধে ফালি কাটা আলু মিনিট দুয়েক ডুবিয়ে রাখুন। ফুটন্ত জলে কিন্তু আলু ফেলবেন না। তাতে আলু গলে বা, ভেঙে যাবে। ২ মিনিট পর ফালি আলু তুলে চ্যাটালো ঝুড়িতে রাখুন। জলে লেবুর রস দেওয়ার জন্য চিপসের আলু ধবধবে সাদা হবে।

এবার অন্য একটি ডেকচিতে ঠাণ্ডা জল নিয়ে তাতে প্রতি লিটার জলে ১ গ্রাম ২৫০ মিলিগ্রাম হিসাবে পটাশিয়াম মেটা বাইসালফেট মিশিয়ে দিন। জল ঝরানো আলুর ফালিগুলি এবার এই জলে ১০ মিনিট ডুবিয়ে রাখতে হবে। এরপর মার্কিন কাপড়ে, খবরের কাগজে বা, স্টিল কিংবা অ্যালুমিনিয়াম নেটের ওপর আলুর ফালিগুলি সাজিয়ে সারা দিন রোদে শুকোতে হবে। এভাবে পরপর ২-৩ দিন রোদ খাওয়ালে আলু শুকিয়ে মচমচে হয়ে যাবে। 'ডিহাইড্রেটর' যন্ত্র থাকলে তার ট্রে'র ওপর আলুর ফালিগুলি সাজিয়ে ৬৫ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রায় ৮ ঘন্টা শুকিয়ে নিতে হবে। ভালোভাবে শুকনো আলুর চিপস স্বচ্ছ পলিথিন প্যাকেটে ভরে সিল করে রেখে দিতে হবে। ৩ কেজি আলু শুকিয়ে এভাবে চিপস করলে ১ কেজি চিপস পাবেন। এবার যেদিন যতটা পরিমাণ বিক্রি করতে পারবেন, ততটা চিপস নিয়ে মাঝারি আঁচের উনুনে বসানো গরম তেল ভরা কড়াইতে ভেজে নেবেন। ভাজা পুরোপুরি হওয়ার আগে আঁচ আরো কমিয়ে দেবেন। ভাজা শেষ হলে তেল ঝরানোর জন্য ঝুড়িতে রাখবেন। ১ কেজি আলু ভাজতে ১০০ গ্রাম সর্ষের তেল দরকার। ভাজা চিপসের গা থেকে সব তেল ঝরে গেলে ওই ভাজা পোট্যাটো চিপসের ওপর লবণ বা, বিট লবণ আর গোলমরিচ গুঁড়ো ছিটিয়ে ৫০ গ্রাম পোট্যাটো চিপস ধরে এমন পলিথিন প্যাকেটে ঢুকিয়ে মুখ মোমবাতি বা, লাইটারের সাহায্যে সিল করে দিন। বাজারে ৫০ গ্রাম প্যাকেটের চল আছে বলে ৫০ গ্রাম প্যাকেটের চিপস বিক্রি করা যুক্তিযুক্ত। পরে বাজারে চাহিদা বুঝে ১০০ গ্রাম প্যাকেটের চিপস তৈরি করতে কোনো অসুবিধা হবে না।



**টম্যাটো পিউরি :** স্বাদের জন্য দেশের পাশাপাশি বিদেশের বাজারেও টম্যাটো পিউরির ভালো চাহিদা। এই শীতে টম্যাটো কিনে মজুত রাখুন। টম্যাটোগুলি জলে ভালোভাবে পরিষ্কার করে ধারালো ছুরি দিয়ে পিস পিস করে কেটে কড়াইয়ে ফেলে লবণ দিয়ে এক থেকে দেড় ঘন্টা ফোটাতে হবে। এরপর ছাঁকনির সাহায্যে রস বার করে তাকে ফুটিয়ে আদা, রসুন, অল্প লবণ, গোলমরিচ ও প্রিজারভেটিভ দিয়ে সংরক্ষণ করে বোতল বন্দি করুন। চাউমিন, চপ, সিঙ্গারার সঙ্গে এই টম্যাটো পিউরি খাওয়া যায় ও রান্নার কাজেও লাগে।

**কাইদানা :** চা, জলখাবারের সঙ্গে মুখরোচক খাদ্য হিসাবে কাইদানার খুব চাহিদা। খেতে টক-ঝাল-মিষ্টি। দেখতে লুডোর ছক্কার মতো। মুর্শিদাবাদে এটাকে বলা হয় লালুভুলু। কাইদানা তৈরির পদ্ধতি অনেকটা নিমকির মতো। ময়দার সঙ্গে সালটু (কেমিক্যাল), ভোজ্য তেল রাখতে হবে। পরের দিন এটি বেলন চাকিতে বেলে কাটিং করে তেলে ভাজতে হবে।

**কৃত্রিম চেরি :** করমচা ফল দিয়ে নকল চেরি তৈরি করা হয়। সস্তায় করমচা পাওয়া যায় দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের খোদারবাজারে। এছাড়া মধ্যকল্যাণপুর, ধপধপি ও শাসনের বিভিন্ন বাগান থেকে এই ফল কিনতে পারেন। বিভিন্ন ধরনের মিষ্টি, কেকের সঙ্গে অনুষঙ্গ হিসাবে এই নকল চেরির ব্যবহার হয়। এছাড়া চেরি প্যাকেটজাত করেও বিক্রি করা যায়। খেতে সুস্বাদু। রং টকটকে লাল। করমচা কড়াইয়ে ফুটিয়ে সিদ্ধ করে ফলগুলি থেকে বীজ বের করতে হবে। তারপর ওই করমচা চিনি, রং, প্রিজারভেটিভ দিয়ে ফোটাতে হবে। এরপর জল ঝরে গেলে রোদে শুকিয়ে বোতল বন্দি করবেন।

**বিপণন পদ্ধতি :** বিপণনের জন্য পণ্যের গুণগত মান উন্নত করতে হবে ও সেই সঙ্গে ভালো প্যাকেজিং দরকার। আজকাল মোড়ক দেখে ক্রেতারা আকৃষ্ট হয়।

**বিনিয়োগ ও লাভ :** চানাচুর ৫০-৭০ হাজার টাকায়, আলুর চিপস দেড় থেকে ২ লাখ টাকায় ও নিমকি, কাইদানা, টম্যাটো পিউরি, চেরি ৩০ হাজার টাকার লগ্নিতে করা যায়। ঠিকঠাক বিক্রি করতে পারলে ২০%-২৫% লাভ রাখা যায়।

# ম্যানেজমেন্টের জনপ্রিয় কোর্সে ভর্তির 'ক্যাট' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্টের কলকাতা, শিলং, আহমেদাবাদ, বেঙ্গালউরু, বুদ্ধ গয়া, ইন্দোর, জম্মু, কাশিপুর, কোঝিকোড়, নাগপুর, রাঁচি, রোহতক, সম্বলপুর, শিরমাউর, তিরুচিরাপল্লী, উদয়পুর, বিশাখাপত্তনম ও লখনউ শাখা আর অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে 'ম্যানেজমেন্টের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা' কোর্সে ভরতির জন্য 'ক্যাট (CAT-2026)' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। 'ক্যাট' পরীক্ষায় স্কোর করে থাকলে কলকাতার ডায়মন্ড হারবার রোডের জোকার ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, আই.আই.এম. শিলং-সহ সারা ভারতের বিভিন্ন প্রতিষ্ঠানে ভরতির সুযোগ পাবেন। স্কোর অনুযায়ী আই.আই.এম.-এর ওইসব প্রতিষ্ঠান ছাড়াও পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানে 'ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স (এম.বি.এ.)' পড়ার সুযোগ পাবেন।

যে কোনো শাখার ৩ বছরের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে এই 'ক্যাট' পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। এবছরের ফাইনাল পরীক্ষার্থীরা ওই একই শতকরা হারে নম্বর পেয়ে থাকলেও আবেদনের যোগ্য। তপশিলী জাতির প্রার্থীদের জন্য ১৫%, তপশিলী উপজাতি প্রার্থীদের জন্য ৭.৫%, ও.বি.সি. প্রার্থীদের জন্য ২৭%, ই.ডব্লু.এস. প্রার্থীদের জন্য ১০%, প্রতিবন্ধীদের জন্য ৫% সীট সংরক্ষিত।

২০২৬ সালের (CAT) পরীক্ষা নেবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট (আই.আই.এম.এস.)। পরীক্ষা হবে ২৯ নভেম্বর, তিনটি সেশনে। কলকাতা, দুর্গাপুর, শিলিগুড়ি, রাঁচি, পটনা, গুয়াহাটি, ভুবনেশ্বর ও জামশেদপুর-সহ সারা ভারতের ১৫৫টি কেন্দ্রে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ৪ নভেম্বর থেকে ২৯ নভেম্বর পর্যন্ত। ফল বেরোবে জানুয়ারির প্রথম সপ্তাহে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.iimcat.ac.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার সময় পরীক্ষা ফী বাবদ ২,৬০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১,৩০০) টাকা অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# স্টেট ব্যাঙ্কে ১,৫৩৮ ক্লার্ক

১ পাতার পর

ও.বি.সি., তপশিলী জাতি, তপশিলী উপজাতি সম্প্রদায়ের প্রার্থীরাই শুধুমাত্র আবেদনের যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এবছর যাঁরা ডিগ্রি কোর্সে ফাইনাল বর্ষের পরীক্ষা দিয়েছেন, তাঁরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ডিগ্রি কোর্স পাশ হতে হবে ৩১-১২-২০২৬'এর মধ্যে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন, সেখানকার স্থানীয় ভাষায় লিখতে ও কথাবার্তা বলতে পারলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে।

বয়স হতে হবে ১-৪-২০২৬'র হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৪-১৯৯৮ থেকে ১-৪-২০০৬'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর বয়সে ছাড় পাবেন। স্টেট ব্যাঙ্কের অ্যাপ্রেন্টিস ট্রেনিং করে থাকলে ও.বি.সি. প্রার্থীরা ৪ বছর, তপশিলীরা ৬ বছর ও প্রতিবন্ধী ও.বি.সি-রা ১৪ বছর আর প্রতিবন্ধী তপশিলীরা ১৬ বছর বয়সে অতিরিক্ত ছাড় পাবেন। শুরুতে ৬ মাসের প্রবেশন। মূল মাইনে : ২৪,০৫০-৬৪,৪৮০ টাকা। শুরুতে মাইনে পাবেন মাসে ৪৬,০০০ টাকা।

মোট শূন্যপদ ১,৫৩৮টি। এর মধ্যে — কলকাতা সার্কেলের — পশ্চিমবঙ্গে ৫৫টি (ও.বি.সি.)। গুয়াহাটি সার্কেলের — অসমে ৩৯টি (তঃউঃজাঃ)। ত্রিপুরা ২২টি (তঃউঃজাঃ)। পটনা সার্কেলের — বিহারে ১২টি (তঃজাঃ) ও ঝাড়খন্ডে ১৩৩টি (তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ১১৯)। দিল্লি সার্কেলে ১৭টি (ও.বি.সি.)। ভুবনেশ্বরের ওড়িশায় ১১১টি (তঃউঃজাঃ)। ভোপাল সার্কেলের ছত্তিশগড়ে ২৬টি (তঃউঃজাঃ), মধ্য প্রদেশ ১৩৪ (তঃউঃজাঃ)।

এই পদের বিজ্ঞপ্তিনং : CRPD/CR/SPLDRIVE/2026-27/16.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইনে প্রিলিমিনারি পরীক্ষা হবে। তাতে সফল হলে অনলাইনে মেন পরীক্ষা। তাতে সফল হলে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে, সেপ্টেম্বরে। পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গ : গ্রেটার কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, হাওড়া, কল্যাণী, শিলিগুড়ি। বিহার : অড়, ভাগলপুর, দ্বারভাঙ্গা, গয়া, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া। ওড়িশা : বালাসোর, বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, রৌরকেলা, সম্বলপুর।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১ ঘন্টার ১০০ নম্বরের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) নিউমেরিক্যাল এবিলিটি -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল বলে ধরা হবে। কোয়ালিফাইং নম্বর কত হবে তা ব্যাঙ্ক সিদ্ধান্ত নেবে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা কোয়ালিফাইং নম্বরে ৫% ছাড় পাবেন।

প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেনস পরীক্ষা হবে নভেম্বরে। অনলাইন মেন পরীক্ষায় ২০০ নম্বরের ১৯০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল / ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড -৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। মোট সময় থাকবে ২ ঘন্টা ৪০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রিলি ও মেন দুই ক্ষেত্রেই প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। তবে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও অসমের প্রার্থীদের বেলায় ইংরিজি ও হিন্দি ছাড়াও বাংলা ভাষাতে প্রশ্ন হবে। স্টেট ব্যাঙ্কের অ্যাপ্রেন্টিস প্রার্থীদের বেলায় মেনস পরীক্ষায় ২.৫% নম্বর বোনাস হিসাবে অতিরিক্ত পাবেন।

লিখিত পরীক্ষায় তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা কোয়ালিফাইং নম্বরে ৫% ছাড় পাবেন। মেধা তালিকা তৈরির সময় মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখা হবে। তপশিলী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীরা 'প্রি-এক্সামিনেশন ট্রেনিং' নিতে পারেন। এজন্য দরখাস্তের নির্দিষ্ট জায়গা পূরণ করবেন। প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে কলকাতা, শিলিগুড়ি, শিলচর, রাঁচী, পটনা, ডিব্রুগড়, আসানসোল, ভুবনেশ্বর, গুয়াহাটি।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৭ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://bank.sbi/careers, https://sbi.co.in /careers

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে প্রার্থীদের এইসব প্রমাণ পত্র স্ক্যান করে নিতে হবে : (ক) পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার, (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন), (গ) এস.বি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেনিং সার্টিফিকেট (যদি থাকে), (ঘ) নিচের প্যারাগ্রাফ হতে

এরপর ১২ পাতায়

# Agentic AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৫৫,৮৭২ চাকরি

১ পাতার পর

কর্মসংস্থান নিয়ে, বিখ্যাত অডিট সংস্থা 'PWC'এর একটি অ্যানালিটিক্যাল রিপোর্টে দেখা গেছে 'গত ৩ মাসে (এপ্রিল - জুন, ২০২৬) দেশের প্রায় ৩,০৭১টি সফটওয়্যার কোম্পানিতে প্রায় ৫৫,৮৭২ জন স্কিলড কর্মীর নিয়োগ হয়েছে — যাদের বেসিক যোগ্যতা উচ্চমাধ্যমিক'। অবাক হওয়ার মত এই রিপোর্ট-এর ব্যাপারে আমরা মতামত জানতে চেয়েছিলাম, রাজ্যের অন্যতম সেরা এডুকেশন ইনস্টিটিউশন ও স্কিলড প্রফেশনালস তৈরির কারিগর NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "খুব সত্যি কথা বলতে কী — আজকের দিনে শুধুমাত্র ডিগ্রি থাকলেই কি চাকরি পাওয়া যায়? বর্তমান চাকরির বাজারে শুধুমাত্র সার্টিফিকেট দেখে কোনো কোম্পানি নিয়োগ করে না। তাঁরা এমন প্রার্থী খোঁজে, যাঁরা ডিজিটাল মার্কেটিংয়েই শুধুমাত্র দক্ষ নয় — তার পাশাপাশি AI ব্যবহার করে খুব দ্রুত, স্মার্ট ও ফলপ্রসূভাবে কাজ করতে পারে। কারণ, এটাও সত্যি প্রার্থী যদি, কোনো ইন্টারভিউ বোর্ডে শুধুমাত্র 'আমি এই কাজটা জানি' বলে, তাহলে তা ইন্টারভিউয়ার বিশ্বাস করবেন না — প্রার্থীকে ওই বিশেষ কাজটি 'হাতে কলমে তখনই করে দেখাতে হবে'। তবে আপনি সুযোগ পাবেন নিজেকে প্রমাণ করার। এতটাই কম্পিটিটিভনেস থাকলে তবে আপনার কেরিয়ার শুরুতেই ভালো কোম্পানিতে হতে পারে। আর ঠিক এখানেই দরকার স্কিলড প্রফেশনালস-এর। কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতোই স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT -র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — ছেলেমেয়ের ভবিষ্যৎ AI driven Digital Marketing-এ সেরা হওয়ার নিশ্চিত প্রতিশ্রুতি দেয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২০০5 সাল থেকে তৈরি হওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে ডিজিটাল মার্কেটিং ট্রেনিং প্রোভাইডর হিসাবে ৬০,০০০ জনের বেশি ক্যান্ডিডেটকে Google, Accenture, Dabur, Samsung, Dell, Adobe, Amazon, TechMahindra, Reliance Digital, Paytm, Zomato, OYO, Motilal Oswal, Aditya Birla Group, Bandhan Bank, GKB Opticals, Pantaloons মত বিখ্যাত সংস্থায় চাকরি দিয়েছে। ২০০'র বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?**

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing with Generative AI & AgenticAI — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads, YouTube Ads আর Social Media Marketing — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এছাড়াও, এই মাস্টার প্রোগ্রামের মধ্যে রয়েছে এমন কিছু স্পেশাল ট্রেনিং মডিউল — যা অন্যদের থেকে অনেকটাই আলাদা। যেমন, এখানে শেখানো হয় Performance Marketing, Google Analytics, Google Tag Manager, Facebook Pixel, Convertion Tracking -এর মতো বেশ কিছু গুরুত্বপূর্ণ মার্কেটিং টুলস। ফলে এই স্পেশালাইজড ট্রেনিং প্রার্থীদের 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে তৈরি করে — যা চাকরির ইন্টারভিউ ক্র্যাক করার ব্যাপারে এখানকার ট্রেনির গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে মার্কেটিং কন্টেন্ট তৈরি করতে হয়, হাই কনভার্টিং কপি রাইটিং করতে হয়, প্রফেশনাল ইমেজেস তৈরি করতে হয় আর সর্বোপরি কন্টেন্ট আইডিয়া জেনারেশন, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং, ভিডিও এডিটিং ও প্রফেশনাল মানের Cinematic quality Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কন্টেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কন্টেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কন্টেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

### ট্রেনিদের অভিজ্ঞতা

**অর্পিত চক্রবর্তী** এখানকার এক সফল ট্রেনি। তাঁর অভিজ্ঞতা হল "গ্র্যাজুয়েট হয়ে বসে ছিলাম। কোথাও কিছু হচ্ছিল না। তারপর NIHT-তে ভর্তি হলাম। সত্যি বলতে কি এখানে ভর্তি হওয়ার আগে আমি শুধু ডিজিটাল মার্কেটিং সম্বন্ধে শুনেছিলাম। এঁদের ট্রেনিং নেওয়ার পর, আজ আমি Digital Marketing-এর পাশাপাশি AI Tools ব্যবহার করে কন্টেন্ট তৈরি করতে পারি, ওয়েবসাইট র‍্যাঙ্কিং নিয়ে কাজ করতে পারি। নিজের পোর্টফোলিও নিয়ে আত্মবিশ্বাসের সঙ্গে ইন্টারভিউ দিয়ে আজকে আমি ভালো পে-প্যাকেজে একটি বহুজাতিক সংস্থায় কর্মরত।" এখানকার আরেক ট্রেনি হলেন **অদ্রিজা মুখার্জি**। নিজের মুখে তিনি যা বললেন — "আজকে দাঁড়িয়ে কেউ বললে বিশ্বাস করবে না যে ঠিক ১ বছর আগে আমি পুরোপুরি বেকার ছিলাম। ২০২৪ সালে আমি গ্র্যাজুয়েট পাশ করে বসেছিলাম। খুব হতাশ হয়ে পড়েছিলাম। তারপর NIHT-তে কাউন্সেলিং করাতে আসি। তারপর ওখানে ভর্তি হয়ে যাই। এই ট্রেনিং আমাকে শুধু Digital Marketing শেখায়নি AI-এর সাহায্যে কিভাবে দ্রুত ও স্মার্ট অ্যাসাইনমেন্ট সময়ের মধ্যে শেষ করতে হয়, সেটাও শিখিয়েছে। আজ আমি একই সঙ্গে কন্টেন্ট তৈরি করি, ক্যাম্পেন মানেজমেন্ট করি আবার অটোমেশন-এর কাজও পারি — যা আজকের দিনে খুব কম প্রার্থীই পারে। ফলে আজকে আমি একটি বড় সফটওয়্যার কোম্পানিতে বড় প্যাকেজ নিয়ে কর্মরত।"

### রিক্রুটারদের অভিজ্ঞতা

এই মুহূর্তে দেশের অন্যতম সেরা ডিজিটাল রিক্রুটার TCS এর ট্রেনিং অ্যান্ড ট্যালেন্ট ডেভেলপমেন্ট উইং-এর Hiring Manager একটি অদ্ভুত তথ্য দিলেন। শেষ ২টি কোয়ার্টারে (জানুয়ারী-জুন, ২০২৬) শুধুমাত্র কলকাতা থেকেই ডিজিটাল মার্কেটিংয়ে ৪,০০০ এর ওপর প্রফেশনালস নিয়োগ করেছেন তাঁরা। আর এই নিয়োগের বেশিরভাগ ছেলেমেয়েই ট্রেনিং নিয়েছে NIHT থেকে। তাঁর মতে, "আগামী কয়েক বছরে Digital Marketing ও AI-এর সমন্বয়ই চাকরির বাজারে সবচেয়ে বেশি চাহিদা তৈরি করবে। এই ২ ক্ষেত্রকে একসঙ্গে শেখানোর কারণে NIHT-র ট্রেনিরা অনেক বেশি ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড হয়ে উঠেছে।" আবার দেশের অন্যতম বড় রিক্রুটার Wipro-র Hiring Manager জানালেন এবছরের প্রথম ৩ মাসে এই বিভাগে ৪,০৮৮ জনকে চাকরি দিয়েছে তাঁরা — যাঁদের মধ্যে বেশিরভাগটাই ডিজিটাল ট্রেনিং নিয়েছে NIHT থেকে। তাঁর সংযোজন "আপনি যদি শুধু একটি সার্টিফিকেট নয়, বরং এমন একটি দক্ষতা অর্জন করতে চান, যা আগামী ১০ বছরেও সমান মূল্যবান থাকবে, তাহলে NIHT-র এই ট্রেনিং অত্যন্ত গুরুত্বপূর্ণ।" এখানেই শেষ নয়। Digi Magia Pvt. Ltd. বা Comval IT Solutions Pvt. Ltd. বা Creek Club বা Blue Wave Media-র মতো কলকাতার প্রথম সারির একাধিক কোম্পানির রিক্রুটিং টিমের সাথে কথা বলে দেখা গেছে যে, তাদের নিয়োগের বেশিরভাগ প্রার্থীরাই এসেছে NIHT থেকে।

**এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?** মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" এই ট্রেনিংয়ের আর কয়েকটা মাত্র সিট খালি আছে। তাই বসে না থেকে, সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারেন, তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

## ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৩৮,৩২১ চাকরি

১ পাতার পর

অটোমেশনে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, এখন আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন বেসড ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের এই বিভাগে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৬,০০০ থেকে ৮,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ১,০০০ থেকে ১,৫০০ জনের নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৫ থেকে ৬ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' বেসিক ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(i) SEO (Search Engine Optimization), (ii) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। কিন্তু, গত কয়েক মাসে এই বিভাগে নিয়োগের ট্রেন্ড সম্পূর্ণরূপে বদলে গেছে। এখন রিক্রুটাররা খুঁজছে, তাদেরকে যাঁরা GenAI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ের সাথে অটোমেশনেও সমানভাবে দক্ষ। উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩১.০৮.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৪০ থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে এক্ষেত্রে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। কিন্তু এখন **AI Generalist** বা **AI Orchestrator** হিসাবে সবচেয়ে বেশি নিয়োগ হচ্ছে। ভবিষ্যতে এই ২ পদেই শুধুমাত্র নিয়োগ হবে বলে মনে করা হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে Agentic AI আলাদাভাবে শেখানো হয়। যাতে এখানকার ছেলেমেয়েরা খুব সহজেই **'Main Agent-Sub Agent' Model** খুব সহজেই তৈরি করতে পারে। যা যেকোনো ভালো কোম্পানিতে তার নিয়োগ সুনিশ্চিত করবে। (৩) এখানে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য SEMrush বা Google Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৪) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation এর এমন সব ট্যুলস (Gohighlevel 1 & 2, WP Automation, E-mail Automation) শেখানো হয় জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৫,০০,০০০ থেকে ৬,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৫) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৬) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৮) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৯) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১০) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১১) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১২) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৩) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৪) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৫,০০,০০০ টাকা থেকে ৬,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি মাসে ৫০টি থেকে ৬০টি কোম্পানিতে ২,৫০০ থেকে ৩,৫০০ চাকরি হয়।**

## ৪৩৩ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

উত্তরাখন্ড অফিসে 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (রিটেল সেলস অ্যাসোসিয়েট /ডাটা এন্ট্রি অপারেটর)' ও 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ৪৩৩ জন ছেলেমেয়ে নিচ্ছে।

**কারা কোন ট্রেডের জন্য যোগ্য :**

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২মাসের ট্রেনিং।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২মাসের ট্রেনিং।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২ মাসের ট্রেনিং।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -সিভিল :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২মাসের ট্রেনিং।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন-ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২মাসের ট্রেনিং।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন-ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২মাসের ট্রেনিং।

ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) : আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ১২মাসের ট্রেনিং।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রিশিয়ান :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ১২মাসের ট্রেনিং।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রনিক্স মেকানিক :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ১২মাসের ট্রেনিং।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইন্সট্রুমেন্ট মেকানিক :** আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ১২মাসের ট্রেনিং।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -মেশিনিস্ট :** আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ১২মাসের ট্রেনিং।

**ট্রেড অ্যাপ্রেন্টিস ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার অ্যাপ্রেন্টিস) :** উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১৫ মাসের ট্রেনিং।

**ট্রেড অ্যাপ্রেন্টিস ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটরের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ১৫ মাসের ট্রেনিং।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। ১৫ মাসের ট্রেনিং।

**কোন রিফাইনারিতে ক'টি শূন্যপদ :**

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স) ট্রেডে —দিল্লি** ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। **হরিয়ানা** ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, ও.বি.সি. ৩)। **পঞ্জাব** ২৭টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৭, ও.বি.সি. ৫)। **হিমাচল প্রদেশ** ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ১)। **চন্ডীগড়** ২টি (জেনাঃ)। **জম্মু ও কাশ্মীর** ৭টি (জেনাঃ ৬, ও.বি.সি. ১)। **রাজস্থান** ২৬টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৫)। **উত্তর প্রদেশ** ৫৪টি (জেনাঃ ২৪, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ১১, ও.বি.সি. ১৪)। **উত্তরাখন্ড** ১০টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, মেশিনিস্ট) ট্রেডে — দিল্লি** ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। **হরিয়ানা** ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। **পঞ্জাব** ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, ও.বি.সি. ২)। **হিমাচল প্রদেশ** ৪টি (জেনাঃ ৩, তঃজাঃ ১)। **চন্ডীগড়** ১টি (জেনাঃ)। **জম্মু ও কাশ্মীর** ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। **রাজস্থান** ২২টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪)। **উত্তর প্রদেশ** ৩৭টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৭, ও.বি.সি. ৯)। **উত্তরাখন্ড** ৬টি (জেনাঃ ৫, তঃজাঃ ১)।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস — দিল্লি** ২০টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫)। **হরিয়ানা** ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। **পঞ্জাব** ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, ও.বি.সি. ২)। **হিমাচল প্রদেশ** ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। **চন্ডীগড়** ১৫টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, ও.বি.সি. ৪)। **জম্মু ও কাশ্মীর** ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। **রাজস্থান** ১৬টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩)। **উত্তর প্রদেশ** ২০টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৪, ও.বি.সি. ৫)। **উত্তরাখন্ড** ৩টি (জেনাঃ)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার ও স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) : দিল্লি** ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। **হরিয়ানা** ৭টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। **পঞ্জাব** ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ১)। **হিমাচল প্রদেশ** ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১)। **চন্ডীগড়** ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, ও.বি.সি. ৩)। **জম্মু ও কাশ্মীর** ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। **রাজস্থান** ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। **উত্তর প্রদেশ** ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, ও.বি.সি. ২)। **উত্তরাখন্ড** ১টি (জেনাঃ)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : IOCL/MKTG/NR/APPR/2026-27/1.

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অনলাইনে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ৬ সেপ্টেম্বর পর্যন্ত। ট্রেড অ্যাপ্রেন্টিস (আই.টি.আই.), ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর ও রিটেল সেলস অ্যাসোসিয়েট) ট্রেডের বেলায় এই ওয়েবসাইটে : https://apprenticeshipindia.gov.in, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস-ডিপ্লোমা প্রার্থীদের এই ওয়েবসাইটে : https://www.nats.education.gov.in গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় এই ওয়েবসাইটে : https://www.nats.education.gov.in দরখাস্ত করার আগে এইসব প্রমাণ পত্র স্ক্যান করবেন : (ক) জন্ম-সার্টিফিকেট, (খ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, (গ) কাস্ট সার্টিফিকেট, (ঘ) সাদা কাগজে কালো কালি দিয়ে সিগনেচার করে স্ক্যান করবেন, (ঙ) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.iocl.com/apprenticeships

# সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

২৯ মার্চ : 'বিশ্বশান্তিতে অবদানের জন্য গ্র্যান্ড প্রাইজ' পেলেন তেলেঙ্গানার পর্যটন ও সংস্কৃতি মন্ত্রী জুপালি কৃষ্ণ রাও। হায়দরাবাদে, 'বিশ্ব শান্তি বিষয়ক আন্তর্জাতিক বৌদ্ধ সম্মেলন ২০২৬'এর উদ্বোধনী অধিবেশনে তাঁকে এই মর্যাদাপূর্ণ পুরস্কারে ভূষিত করা হয়েছে। ২২টি দেশের প্রায় ১৫০ জন প্রতিনিধি ও সন্ন্যাসীরা এই অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন।



'ওয়ার্ল্ড আর্চারি'র তরফ থেকে, ২০২৫ সালের মর্যাদাপূর্ণ 'বর্ষসেরা প্যারা আর্চার'এর শিরোপা পেলেন জম্মু ও কাশ্মীরের ১৯ বছর বয়সি বাহুহীন প্যারা আর্চার শীতল দেবী। প্রসঙ্গত উল্লেখ্য, প্রথম ও একমাত্র বাহুহীন মহিলা তিরন্দাজ হিসাবে 'ওয়ার্ল্ড প্যারা আর্চারি চ্যাম্পিয়নশিপ'এ সোনার পদক পান তিনি।

৩০ মার্চ : সৌরজগতে ১৫টি নতুন উপগ্রহের খোঁজ পাওয়া গেল। শনি ও বৃহস্পতিকে প্রদক্ষিণ করে চলেছে এই উপগ্রহগুলি। 'মাইনর প্ল্যানেট সেন্টার' থেকে এই নতুন ১৫টি উপগ্রহ আবিষ্কারের ঘোষণা করা হয়েছে। সদ্য আবিষ্কৃত ১৫টি উপগ্রহ আয়তনে খুব বড় নয়। গড় ব্যাস ৩ কিলোমিটার। তাদের কক্ষপথও বহুদূর বিস্তৃত। শনি ও বৃহস্পতির বৃহৎ উপগ্রহগুলির তুলনায় অনেক প্রশস্ত। উপগ্রহগুলির ঔজ্জ্বল্যের মাত্রা ২৫ থেকে ২৭-এর মধ্যে। এই ১৫টি নতুন উপগ্রহের মধ্যে বৃহস্পতির ৪টি উপগ্রহ আবিষ্কার করেছেন জ্যোতির্বিজ্ঞানী স্কট শেপার্ড ও ডেভিড থোলেন আর শনির ১১টি উপগ্রহ আবিষ্কার করেছেন এডওয়ার্ড অ্যাশটন নেতৃত্বাধীন 'আকাদেমিয়া সিনিকা ইনস্টিটিউট অফ অ্যাস্ট্রোনমি অ্যান্ড অ্যাস্ট্রোফিজিক্স'এর গবেষকরা। এই আবিষ্কারের ফলে শনির মোট উপগ্রহের সংখ্যা বেড়ে হল ২৮৫ ও বৃহস্পতির মোট উপগ্রহের সংখ্যা বেড়ে হল ১০১।

❑ ভীম পেমেন্ট অ্যাপে ইউপিআই পেমেন্টের জন্য 'বায়োমেট্রিক অথেন্টিকেশন' সুবিধা চালু করল 'ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া'র সম্পূর্ণ মালিকানাধীন সহযোগী প্রতিষ্ঠান 'এনপিসিআই ভীম সার্ভিস লিমিটেড'। এই নতুন ফিচারের মাধ্যমে ব্যবহারকারীরা তাদের স্মার্টফোনের ফিঙ্গারপ্রিন্ট বা ফেসিয়াল রিকগনিশন ব্যবহার করে ৫,০০০ টাকা পর্যন্ত ইউপিআই লেনদেন অনুমোদন করতে পারবেন। এজন্য আর পিন ব্যবহার করার দরকার হবে না। এর ফলে দৈনন্দিন পেমেন্ট প্রক্রিয়া আরও দ্রুত, সহজ ও নিরাপদ হবে।

❑ শুধুমাত্র হিন্দু, শিখ ও বৌদ্ধ ধর্মাবলম্বীরাই নিজেদের তপশিলি জাতিভুক্ত বলে স্বীকৃতি দাবি করতে পারেন বলে জানাল সুপ্রিম কোর্ট। অন্য কোনো ধর্মাবলম্বীকে তপশিলি জাতিভুক্ত বলে গণ্য করা যাবে না। ওই ধর্মগুলি থেকে কেউ ধর্মান্তরিত হলে তিনি আর তপশিলি জাতির জন্য নির্ধারিত আইনি সুবিধা বা সংরক্ষণ ভোগ করতে পারবেন না। অন্ধ্রা প্রদেশের এক মামলার প্রেক্ষিতে এই রায় দিয়েছে সুপ্রিম কোর্ট। বিচারপতি পি.কে.মিশ্র'র নেতৃত্বাধীন একটি বেঞ্চ ১৯৫০ সালের সংবিধান (তপশিলি জাতি) আদেশের ৩ নম্বর অনুচ্ছেদের উদ্ধৃতি দিয়ে এই রায় দিয়েছে।

৩১ মার্চ : জনসচেতনতা ও জনঅংশগ্রহণ বাড়ানোর লক্ষ্যে, ২০২৭ সালের জাতীয় জনগণনার প্রচারদূত হিসাবে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বালুশিল্পী সুদর্শন পট্টনায়েক'কে নিয়োগ করল কেন্দ্রীয় সরকার। প্রচারদূত হিসাবে, পট্টনায়েক তাঁর অনন্য বালুশিল্পের মাধ্যমে সারা ভারতের নাগরিকদের কাছে জনগণনার গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করবেন ও ব্যাপক জনঅংশগ্রহণে উৎসাহিত করবেন।

১ এপ্রিল : 'ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন বীর বিক্রম যাদব।

❑ ১৪ এপ্রিল অমরাবতীতে, ভারতের প্রথম কোয়ান্টাম কম্পিউটার চালু করেছে আন্ধ্রা প্রদেশ সরকার, যা গবেষক, পড়ুয়া ও শিল্পক্ষেত্রের জন্য নতুন দিগন্ত খুলে দিয়েছে। এই উদ্যোগটি রাজ্যের উচ্চাভিলাষী 'অমরাবতী কোয়ান্টাম ভ্যালি' প্রকল্পের অংশ, যার লক্ষ্য হল ভারতে উন্নত কম্পিউটিং, গবেষণা, স্টার্টআপ ও উদ্ভাবনের জন্য বিশ্বমানের একটি শক্তিশালী ইকোসিস্টেম গড়ে তোলা। এই উদ্যোগের ফলে গবেষক, শিক্ষার্থী ও শিল্পমহল কোয়ান্টাম কম্পিউটিং, ডেটা সায়েন্স, সাইবার সিকিউরিটি ও ভবিষ্যতের উন্নত প্রযুক্তি নিয়ে আরও গভীরভাবে কাজ করার সুযোগ পাবেন।

২ এপ্রিল : 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' থেকে নিজেদের নাম প্রত্যাহার করে নিয়েছে আর্জেন্তিনা। দেশটি এখন থেকে দ্বিপাক্ষিক চুক্তি ও আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে নিজস্ব স্বাস্থ্যনীতি ও স্বায়ত্তশাসন বজায় রেখে আন্তর্জাতিক স্বাস্থ্য কার্যক্রম পরিচালনা করবে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে মার্কিন যুক্তরাষ্ট্রও সংস্থাটি থেকে নিজেদের নাম প্রত্যাহার করেছে।

❑ ২০২৫ সালে 'দীনদয়াল উপাধ্যায় ও নানাজি দেশমুখ পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার' পেল ত্রিপুরার তিনটি পঞ্চায়েত। 'দেশের সেরা জেলা পঞ্চায়েত'এর সম্মান পেল রাজ্যের সিপাহীজলা জেলা। অন্যদিকে, 'স্বাস্থ্য-বান্ধব' বিভাগে শীর্ষস্থান পেল রাজ্যের কাঞ্চাবাড়ি গ্রাম পঞ্চায়েত। এছাড়া, 'মহিলা-বান্ধব' বিভাগে তৃতীয় স্থান পেল রাজ্যের বৈকুণ্ঠপুর গ্রাম পঞ্চায়েত। বিজয়ী জেলা/পঞ্চায়েতগুলি ৫০ লাখ থেকে ৫ কোটি টাকা পর্যন্ত আর্থিক সহায়তা পেয়েছে।

৩ এপ্রিল : মর্যাদাপূর্ণ 'প্রেসিডেন্টস পুলিশ কালার' পেল ওড়িশা পুলিশ, যা কোনো পুলিশ বা সামরিক ইউনিটের জন্য সর্বোচ্চ সম্মান। অসাধারণ সেবা, পেশাদারিত্ব, সাহসিকতা ও আইন-শৃঙ্খলা রক্ষায় ধারাবাহিক অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার দেওয়া হয়। ভারতের রাষ্ট্রপতি এই পুরস্কার দেন।

❑ ভারতীয় শিল্পকলার ইতিহাসে সবথেকে দামি শিল্পকর্ম হিসাবে রেকর্ড গড়ল কিংবদন্তি চিত্রশিল্পী রাজা রবি বর্মা'র আঁকা বিখ্যাত চিত্রকর্ম 'যশোদা ও কৃষ্ণ'। মুম্বইয়ের 'স্যাফ্রনআর্ট' আয়োজিত স্প্রিং লাভ নিলামের আসরে ১৬৭.২০ কোটি টাকায় বিক্রি হল এই ছবিটি, যা কেনেন 'সিরাম ইনস্টিটিউট অফ ইন্ডিয়া'র প্রতিষ্ঠাতা ও নামি শিল্পপতি সাইরাস পুনাওয়ালা। এটি ছাড়িয়ে গেল এম.এফ.হুসেন'এর আঁকা 'গ্রাম যাত্রা' নামের ছবিটির রেকর্ড, যেটি বিক্রি হয়েছিল ১১৮ কোটি টাকায়। 'যশোদা ও কৃষ্ণ' ছবিটি উনবিংশ শতকের শেষ দশকে আঁকা। ছবিটি কৃষ্ণের বাল্যলীলার এক দৃশ্য, যেখানে দেখা যাচ্ছে মা যশোদা গরুর দুধ দোয়াচ্ছেন ও ছোট্ট কৃষ্ণ সেই দুধ খেতে হাতে পাত্র নিয়ে মায়ের কাছে উপস্থিত হয়েছেন।

❑ ভারতে টাইপ-২ ডায়াবেটিস ও স্থূলতার চিকিৎসার জন্য সাশ্রয়ী মূল্যের 'সেমাগ্লুটাইড' ইঞ্জেকশন চালু করল 'জাইডাস লাইফসায়েন্সেস'। এটি অত্যন্ত সাশ্রয়ী, যা পুনর্ব্যবহারযোগ্য ও সামঞ্জস্যযোগ্য মাল্টি-ডোজ পেন ডিভাইসে পাওয়া যাচ্ছে। 'সেমাগ্লিন', 'মার্শেমা' ও 'আল্টারমে' ব্র্যান্ড নামে বাজারে পাওয়া যাচ্ছে এটি। যাঁদের স্থূলত্ব রয়েছে, অর্থাৎ বডি-মাস-ইনডেক্স ৩০ বা তার বেশি, তাঁরাই নিতে পারবেন ইঞ্জেকশনটি। তবে নির্দিষ্ট ডোজেই তা নিতে হবে। দেশের বাজারে ১৫ মিলিগ্রাম/৩ এমএল ডোজে এটি আনা হচ্ছে। তবে কারা কোন ডোজে নিতে পারবেন, তা চিকিৎসকই ঠিক করে দেবেন। এর খরচ প্রতি মাসে আনুমানিক ২,২০০ টাকা।

৪ এপ্রিল : সিবিএসই'র তৃতীয় থেকে অষ্টম শ্রেণির জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা ও কম্পিউটেশনাল থিঙ্কিংয়ের পাঠ্যক্রম চালু করল কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক। ২০২৬-'২৭ শিক্ষাবর্ষ থেকে এই পাঠ্যক্রম চালু হতে চলেছে। স্কুল স্তর থেকেই পড়ুয়ারা নতুন প্রযুক্তি কীভাবে কোন ক্ষেত্রে কতটা ব্যবহার করতে পারবে, তা শেখাবেন শিক্ষকরা। এজন্য শিক্ষকদের কী কী বিষয় জানা দরকার, সে সংক্রান্ত প্রশিক্ষণও দেবে বোর্ড।

❑ আনুষ্ঠানিকভাবে 'দিওয়ালি' বা 'দীপাবলি উৎসব' উদযাপনকে স্বীকৃতি দিল মার্কিন যুক্তরাষ্ট্রের নেব্রাস্কা অঙ্গরাজ্য, যা রাজ্যের ভারতীয়-মার্কিনি সম্প্রদায়ের অবদান ও উৎসবের সাংস্কৃতিক তাৎপর্যকে সম্মান জানায়। স্টেট সেনেটর জন ফ্রেডরিকসন'এর পেশ করা একটি আইনি রেজোলিউশন গ্রহণের মাধ্যমে এই ঐতিহাসিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই স্বীকৃতি নেব্রাস্কা ও ভারতের মধ্যে ক্রমবর্ধমান সম্পর্কের একটি প্রতীক হিসাবে দেখা হচ্ছে।

❑ 'জিএসএমএ ইন্টেলিজেন্স'এর তথ্য অনুযায়ী, এখন বিশ্বের দ্বিতীয় বৃহত্তম টেলিকম অপারেটর হল 'ভারতী এয়ারটেল'। বিশ্বজুড়ে ৬৫০ মিলিয়ন গ্রাহকের মাইলফলক অতিক্রম করে এই সাফল্য অর্জন করেছে তারা। সুনীল ভারতী মিত্তল'এর নেতৃত্বে, ভারত ও আফ্রিকা জুড়ে নিজেদের কার্যক্রম পরিচালনা করে কোম্পানিটি। ভারতে তাদের ব্যবহারকারীর সংখ্যা ৩৬৮ মিলিয়নেরও বেশি ও আফ্রিকার ১৪টি দেশে এই সংখ্যাটি ১৭৯ মিলিয়ন। বিশ্বব্যাপী এই তালিকায় শীর্ষে রয়েছে 'চায়না মোবাইল', যাদের ব্যবহারকারীর সংখ্যা ১ বিলিয়নেরও বেশি।

❑ 'আন্তর্জাতিক দাবা ফেডারেশন'এর লেটেস্ট রেটিং তালিকা অনুযায়ী, যুক্তরাজ্যের মহিলা দাবাড়ুদের মধ্যে নাম্বার ১ হলেন ১১ বছর বয়সি ভারতীয় বংশোদ্ভূত বোধনা শিবানন্দন। তাঁর ফিডে রেটিং এখন ২,৩৬৬। বিশ্ব মহিলা র‍্যাঙ্কিংয়ে শীর্ষ ১০০ জনের মধ্যে ৭২ নম্বর স্থানে উঠে এসেছেন তিনি।

❑ শীতল দেবী'কে ১৩৯-১৩৬ ব্যবধানে হারিয়ে, এবছর ব্যাঙ্ককে 'ওয়ার্ল্ড প্যারা আর্চারি সিরিজ'এ মহিলাদের কম্পাউন্ড বিভাগে সোনার পদক পেলেন ওড়িশার ১৮ বছর বয়সি তিরন্দাজ পায়েল নাগ।

৬ এপ্রিল : ডেঙ্গুর টিকা 'কিউডেঙ্গা' বা 'টিকে-০০৩' ভারতে অনুমোদিত হল। টিকাটি তৈরি করেছে জাপানের বায়োফার্মা কোম্পানি 'তাকেদা'। ৪১টি দেশে টিকাটির কার্যকারিতা নিয়ে পরীক্ষা নিরীক্ষা চলছে। ভারতে ৪ বছর থেকে ৬০ বছর বয়সিদের ওপর টিকাটির পরীক্ষামূলক প্রয়োগ শুরু হয়েছে। আপাতত ৪৮০ জনের ওপর ক্লিনিক্যাল ট্রায়াল হয়েছে। এর ফলাফল কী হচ্ছে, তার ওপর নজর রেখেছে 'সাবজেক্ট এক্সপার্ট কমিটি'। প্রাথমিকভাবে তাদের রিপোর্টে ইতিবাচক তথ্য পাওয়া গেছে। ডেঙ্গু ৪টি সেরোটাইপের (ডিইএনভি-১ থেকে ডিইএনভি-৪) মাধ্যমে সৃষ্টি হয়। যদিও, 'টিকে-০০৩' ডিইএনভি-২'এর বিরুদ্ধে অত্যন্ত কার্যকর, কিন্তু ডিইএনভি-৩ ও ডিইএনভি-৪'এর ক্ষেত্রে এর কার্যকারিতা উল্লেখযোগ্যভাবে কম, বিশেষত সেইসব 'সেরোনেগেটিভ' ব্যক্তিদের ক্ষেত্রে, যারা আগে কখনোই এই ভাইরাসে আক্রান্ত হননি।



প্রথম ভারতীয় মহিলা তথা বিশ্বব্যাপী দ্বিতীয় মহিলা হিসাবে সাইকেলে চড়ে মাউন্ট এভারেস্ট বেস ক্যাম্পে পৌঁছে ইতিহাস গড়লেন ২৮ বছর বয়সি শিক্ষিকা দিব্যা সিং। তিনি কাঠমাণ্ডু থেকে তাঁর যাত্রা শুরু করেন ও ১৪ দিনে এই অভিযান সম্পন্ন করেন। এই বেস ক্যাম্পটি সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় ১৭,৫৬০ ফুট (৫,৩৬৪ মিটার) উচ্চতায় অবস্থিত। এই যাত্রাপথে তিনি তীব্র ঠান্ডা (প্রায় -১২ ডিগ্রি সেলসিয়াস), অক্সিজেনের স্বল্পতা, প্রবল বাতাস ও খাড়া পাহাড়ি পথের সম্মুখীন হয়েছিলেন। প্রতিদিন ১০-১২ ঘন্টা ধরে সাইকেল চালিয়েছেন তিনি।

❑ বিচারকদের সিদ্ধান্ত গ্রহণ ও রায় নির্ধারণে কোনোভাবেই এআই ব্যবহার করা যাবে না বলে জানিয়ে দিল 'গুজরাত হাই কোর্ট'। বিচারপতি বিক্রম নাথ এই নীতিটি শুরু করলেন। এটি শুধুমাত্র হাই কোর্ট নয়, বরং রাজ্যের সব জেলা আদালত, আদালত কর্মী, লিগ্যাল সার্ভিস অথরিটি ও সংশ্লিষ্ট সংস্থার ওপর প্রযোজ্য হবে। এমনকি ইন্টার্ন, ট্রেনি, প্যারা-লিগ্যাল ভলান্টিয়ার-সহ আদালতের সঙ্গে যুক্ত সবাইকেই এই নীতির আওতায় আনা হয়েছে। এই নীতিতে বলা হয়েছে, প্রতিটি বিচারক তাঁর দেওয়া রায় বা নির্দেশের জন্য সম্পূর্ণ ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকবেন। তবে এআই ব্যবহারে পুরোপুরি নিষেধাজ্ঞা আরোপ করা হয়নি। আদালতের প্রশাসনিক ও সহায়ক কাজের ক্ষেত্রে এআই ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে।

৭ এপ্রিল : আন্ধ্রা প্রদেশের একমাত্র রাজধানীর স্বীকৃতি পেল অমরাবতী। এদিন রাষ্ট্রপতির স্বাক্ষরের পর আইনিভাবে এই স্বীকৃতি পেল অমরাবতী। এর ফলে দীর্ঘ এক দশকেরও বেশি রাজনৈতিক ও প্রশাসনিক জটিলতার অবসান ঘটল।

❑ গ্রেটার নয়ডায় একটি 'মেট্রো বিশ্ববিদ্যালয়' স্থাপনের অনুমোদন দিল উত্তর প্রদেশ সরকার, যার লক্ষ্য হল ওই অঞ্চলে উচ্চশিক্ষা ও দক্ষতা উন্নয়নকে জোরদার করা। নয়ডার 'সানহিল হেলথকেয়ার প্রাইভেট লিমিটেড' এই প্রস্তাবটি জমা দিয়েছে, যাদের গ্রেটার নয়ডা কর্তৃপক্ষ ২৬.১ একর জমি বরাদ্দ করেছে। এই অনুমোদনটি উত্তর প্রদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১৯-এর অধীনে প্রদান করা হয়েছে।

❑ 'বিশ্ব স্বাস্থ্য দিবস' উপলক্ষ্যে, 'আমার গ্রাম, সুস্থ গ্রাম' নামে একটি নতুন গ্রামীণ স্বাস্থ্যসেবা অভিযান শুরু করল মহারাষ্ট্র সরকার। মুম্বইয়ে আনুষ্ঠানিকভাবে এই উদ্যোগের সূচনা করেন রাজ্যের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ।

❑ এবছর 'আইএসএসএফ বিশ্বকাপ গ্রানাডা'য় ১০ মিটার এয়ার পিস্তল মিশ্র দলগত বিভাগে সোনার পদক পেল ভারত।

৮ এপ্রিল : 'ন্যাসকম ফাউন্ডেশন'এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন ইউ.বি.প্রবীণ রাও।

❑ গালিগালাজ মুক্ত গ্রাম হিসাবে বিবেচিত হল মধ্য প্রদেশের বুরহানপুর জেলার বোরসার গ্রাম। ৬,০০০ জন জনসংখ্যার এই গ্রামটি এমন একটি গ্রাম, যেখানে কোনো গালিগালাজ করা হয় না। কেউ গালিগালাজ করলে তাকে সঙ্গে সঙ্গে ৫০০ টাকা জরিমানা করা হবে আর নয়তো শাস্তি হিসাবে এক ঘন্টা ধরে পুরো গ্রাম ঝাঁট দিয়ে পরিষ্কার করতে হবে। এই উদ্যোগটির নেতৃত্বে রয়েছেন সরপঞ্চ অন্তর সিং, উপ-সরপঞ্চ বিনোদ শিন্ডে ও অভিনেতা অশ্বিন পাটিল। তাঁরা সম্মিলিতভাবে এমন একটি সাংস্কৃতিক প্রচারাভিযান শুরু করেছেন, যার লক্ষ্য হল গ্রামীণ দৈনন্দিন জীবন থেকে গালিগালাজ দূর করা।

❑ 'সেন্টার ফর রিসার্চ অন এনার্জি অ্যান্ড ক্লিন এয়ার'এর রিপোর্ট অনুযায়ী, মার্চে ভারতের সবথেকে দূষিত শহর হিসাবে শীর্ষে উঠে এসেছে হরিয়ানার গুরুগ্রাম। এখানে গড় পি.এম২.৫ ঘনত্ব প্রতি ঘনমিটারে ১১৬ মাইক্রোগ্রাম রেকর্ড করা হয়েছে, যা জাতীয় নিরাপদ সীমার দ্বিগুণেরও বেশি। ভারতের শীর্ষ ১০টি সবথেকে দূষিত শহরের তালিকায় হরিয়ানার ৪টি শহর রয়েছে। এগুলির মধ্যে রয়েছে বাহাদুরগড়, ফরিদাবাদ, গুরুগ্রাম ও মানেসার, যা প্রমাণ করে যে এই রাজ্যটিতে বায়ুদূষণ একটি বড় সমস্যা। এছাড়া, শীর্ষ ১০ তালিকায় থাকা অন্যান্য শহরগুলি হল সিংগ্রাউলি, মান্ডিদীপ, গাজিয়াবাদ, ভিওয়াদি, নয়ডা ও নন্দেসারি।

❑ বিশ্বের প্রথম দেশ হিসাবে বাণিজ্যিকভাবে ১০ গিগাবাইট ইন্টারনেট নেটওয়ার্ক চালু করল সংযুক্ত আরব আমিরশাহী, যা আপার ৬ গিগাহার্ৎজ স্পেকট্রাম প্রযুক্তি ব্যবহার করে। আপার ৬ গিগাহার্ৎজ স্পেকট্রাম, যা ৬৪২৫-৭১২৫ মেগাহার্ৎজ ফ্রিকোয়েন্সি পরিসরে কাজ করে। এটিকে 'সোনালি ব্যান্ড' হিসাবে অভিহিত করা হয়েছে, কারণ এটি একইসঙ্গে বিস্তৃত কভারেজ ও উচ্চ গতি প্রদান করতে সক্ষম। এই নতুন ১০জি ইন্টারনেট নেটওয়ার্কের মাধ্যমে ডাউনলোড গতি ১০ জিবিপিএস পর্যন্ত ও আপলোড গতি ১ জিবিপিএস পর্যন্ত পৌঁছাতে পারে। এর ফলে বড় ফাইল ডাউনলোড করা, আল্ট্রা এইচডি ভিডিও দেখা বা অনলাইন গেমিংয়ের মতো কাজগুলি হবে আরও মসৃণ ও বাধাহীন। কম ল্যাটেন্সি থাকার কারণে এটি কৃত্রিম বুদ্ধিমত্তা, ক্লাউড সার্ভিস ও ভার্চুয়াল রিয়েলিটির মতো উন্নত প্রযুক্তির বিকাশে সহায়ক হবে।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

## স্টেট ব্যাঙ্কে ১,৫৩৮ ক্লার্ক

৯ পাতার পর

লেখার পর স্ক্যান করতে হবে। "I, ______(Name of the candidate), Date of Birth ______ hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required. The signature, photograph and left thumb impression is of mine".

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৭৫০ (তপশিলী, প্রাঃসঃকঃ ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দিতে হবে ২৬ আগস্টের মধ্যে। অনলাইনে টাকা জমা দিতে পারবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে। অনলাইনে টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


GO Education
GREATER OPPORTUNITIES EDUCATION

জার্মানিতে নার্সিং কোর্সে ভর্তি চলছে

আপনার স্বপ্ন শুরু হোক জার্মানিতে

যোগ্যতা : HS PASS

কোর্সের মেয়াদ : ১০ মাস জার্মান ভাষা শিক্ষা + ৩ বছর নার্সিং ট্রেনিং

NO TUITION FEE
কোনো টিউশন ফি নেই

জার্মান ভাষা কোর্স ফি 80000

PROCESSING FEE 80000

পড়াশোনার সাথে উপার্জনের সুযোগ!
EARN WHILE LEARNING

মাসিক ট্রেনিং চলাকালীন বেতন


1st Year - 150000 টাকা প্রতি মাসে
2nd Year - 170000 টাকা প্রতি মাসে
3rd Year - 190000 টাকা প্রতি মাসে

যোগাযোগ করুন- 8372997425 (Dr.Hasan) / 9836484236
KAIKHALI (DUMDUM), KOLKATA-52


# AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



**এই প্রতিষ্ঠানের ১০৭ শয্যাবিশিষ্ট নতুন মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবছর জুলাই মাসে চালু হচ্ছে। এখানকার নার্সরা তাই প্রথম থেকেই সুপার স্পেশালিটি হাসপাতালে কাজ করার সুযোগ পাবে — যা অন্য কোথাও নেই।**

INC, WBUHS ও WBNC স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম /ডায়গনস্টিক্স সেন্টার/ মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. ভরতির জন্য সরাসরি যোগাযোগের ঠিকানা : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.


MBS
Multi Speciality Hospital
License Number : 33652675

OUR FACILITIES & DEPARTMENTS

CRITICAL CARE & SURGICAL UNITS
✓ 24/7 Emergency Medicine & Trauma Care
✓ ICU • HDU • NICU (Neonatal Intensive Care)
✓ Modular Operation Theatre (OT)
✓ General & Advanced Laparoscopic Surgery
✓ Orthopedics & Joint Care

SPECIALIZED DEPARTMENTS
✓ Obstetrics & Gynecology
✓ Pediatrics & Neonatology
✓ Gastroenterology
✓ Nephrology
✓ Internal Medicine & Diabetology
✓ Dental Surgery

SUPPORT SERVICES
✓ Fully Automated Laboratory
✓ 24/7 In-house Pharmacy
✓ Radiology (X-Ray, USG, Mammography)

Gate No- 7, Ballindi, Near BSF Camp Kalyani, Haringhata, Nadia 741248 +91 62967 57089
mbshospitalkalyani@gmail.com
https://mbshospital.com/



RICE ADAMAS

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে লক্ষাধিক শূন্যপদে আসছে নিয়োগের সুবর্ণ সুযোগ।

6th সেমিস্টার শেষ? ডিগ্রি সম্পূর্ণ হওয়ার আগেই সরকারি চাকরির প্রস্তুতি শুরু করো।

RICE EDUCATION

কলেজে পড়াশোনার পাশাপাশি সরকারি চাকরির প্রস্তুতি শুরু করার এটাই সঠিক সময়।
দীর্ঘ ৪১ বছরের অভিজ্ঞতাসম্পন্ন RICE Education-এর সঙ্গে আজই শুরু করো তোমার সফল কেরিয়ারের প্রস্তুতি।

স্বপ্ন বড় হতে হবে।

লক্ষ্য যদি হয় WBCS, CGL, CHSL, BANK বা RAILWAY, তাহলে প্রস্তুতিটাও হতে হবে দুর্দান্ত।
RICE শুধুমাত্র একটি কোচিং নয় — এটা একটি চেতনা।
এখানে আমরা শেখাই কীভাবে জীবনের প্রতিটি চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়, কীভাবে আত্মবিশ্বাসের সঙ্গে নিজেকে গড়ে তুলতে হয়। যতই প্রতিযোগিতা থাকুক না কেন, যদি রোজ নিজেকে একটু একটু করে গড়ে তোলো, তোমার সাফল্যকে কেউ আটকাতে পারবে না। রাইসে পড়া মানে শুধু নোটস আর মক টেস্ট নয়, ভবিষ্যৎ জীবনের জন্য প্রস্তুতি।

বিগত পরীক্ষায় RICE Education এর কিছু সফল নক্ষত্র

ADRIJA DEY — WBCS 2023 Gr-A, (Executive), Lake Town, Kolkata
ANIRUDDHA BASU — WBCS 2023 Gr-A, WB Revenue Service, Entally, Kolkata
SOURAV SETT — WBCS 2023 Gr-A, WB Food & Supplies Service, Shyambazar, Kolkata
SAURAV SUBBA — WBCS 2023 Gr-A, WB Revenue Service, Tindaria Karseong, Darjeeling
PRASENJIT BISWAS — WBCS 2023 Gr-B, WB Police Service, B.D. SOPAN, 24 PGS (N)
SOURAV SOO — SSC CGL 2025, Inspector (Central Excise) CBIC, Sagarbhanga, Durgapur
NEHSANG TAMANG — SSC MTS (Non-Technical)-2024, Kurseong, Darjeeling
ARGHYA HALDAR — SSC CHSL (10+2)-2024, LDC/JSA, Ministry of Communications, Sonarpur, South 24 Parganas
ANUSREE HALDAR — IBPS CRP PO/MT XV 2026-27, Central Bank of India, Sonarpur, 24 PGS (S)
DISHA BARUI — IBPS PO 2023 (XIII), Central Bank of India, Santragachi, Howrah
RASHMI KUMARI — IBPS CRP Clerk CSA XV 2025, Parnashree, Behala
BANASHREE DAS — SBI-2024, Junior Associates, Berhampore, Murshidabad
& many more...



Prof. (Dr.) Samit Ray
• Founder & Chairman, RICE - Adamas Group
• Founder & Chancellor – Adamas University

RICE RESIDENTIAL
RICE মেথডোলজি, সেরা আবাসিক পরিবেশে নিশ্চিত সাফল্যের জন্য
পূর্ব ভারতের প্রথম ও একমাত্র সরকারি চাকরির প্রশিক্ষণের আবাসিক প্রোগ্রাম
Residential Program available at Adamas Knowledge City, Barasat
Next Batch Starts in September 2026 | Helpline: 62921 90230

Classroom | Residential
IAS | WBCS | PSC | SSC | Rail | Police | Bank | Insurance

RICE-এর সমস্ত শাখায় নতুন ব্যাচ শুরু হচ্ছে আগস্টের দ্বিতীয় সপ্তাহ থেকে

Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18026 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013

Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur. 84799 17962 | Tamluk : 84799 17957

Helpline 62921 90230
riceeducation.in


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com